পুরুলিয়ায়
গীতাঞ্জলি
ফরেস্ট রিট্রিট
পাহাড় আর সবুজের মাঝে এক অপরূপ ডেস্টিনেশন

দুরন্ত বার্তা

সুচিকিৎসা
মাসিক স্বাস্থ্য পত্রিকা
দামঃ ১৫ টাকা
পত্রিকা সংগ্রহ করতে আজই নিকটবর্তী এজেন্টের সাথে যোগাযোগ করুন।

১ ইন্টারনেট সংস্করণ http://durantbarta.com কলকাতা Volume No. 29, Issue No.: 357 Saturday, 30 November, 2024 ❋ ২৯ বর্ষ, ৩৫৭ সংখ্যা ❋ ১৪ অগ্রহায়ণ ১৪৩১, শনিবার, ৩০ নভেম্বর, ২০২৪ ❋ আজ ৮ পাতা ❋ মূল্য– ৩ টাকা

দখল করা জমি থেকে সব সরানোর নির্দেশ অমৃতা সিনহার

দুরন্ত বার্তা, কলকাতা, ২৯ নভেম্বরঃ জাতীয় সড়কের জন্য নেওয়া জমি দখল করে তৈরি হয়েছে পাকা বিল্ডিং!আর সেই অভিযোগ সামনে আসার পরও সে সব সরাতে ব্যর্থ হচ্ছে পূর্ত দফতর। এমনকী তৃণমূলের দলীয় কার্যালয় পর্যন্ত রয়েছে এমনই একটি দখল করা জমিতে। এই অভিযোগ সংক্রান্ত মামলার শুনানি ছিল শুক্রবার কলকাতা হাইকোর্টে। অবিলম্বে সব দখলদারি সরানোর নির্দেশ দিলেন হাইকোর্টের বিচারপতি অমৃতা সিনহা। তৃণমূলের পার্টি অফিস সহ যাবতীয় বেআইনি দখলদারকে

উচ্ছেদ করতে হবে বলে নির্দেশ দিয়েছেন বিচারপতি সিনহা। আগামী ১২ সপ্তাহের মধ্যে এই ব্যাপারে পদক্ষেপ করতে উত্তর ২৪ পরগনার জেলাশাসককে নির্দেশ দেওয়া হয়েছে। উত্তর ২৪ পরগনার বসিরহাটের মাটিয়া থানায় এলাকার কাকড়া মউজার বাসিন্দা এক ব্যক্তি হাইকোর্টে মামলা দায়ের করেন। তাঁর অভিযোগ, তাঁর বাড়ির সামনেই পূর্ত দফতরের রাস্তা সম্প্রসারণের জন্য জমি নেওয়া হয়েছিল। কিন্তু সেই জমিতে এখন বহু পাকা বিল্ডিং তৈরি করে তা দখল করে নেওয়া হয়েছে বলে অভিযোগ। এই অবস্থায় তাঁর বাড়িতে ঢোকার রাস্তাও বন্ধ হয়ে গিয়েছে! বারবার আবেদন করেও কাজ না হওয়ায় তিনি হাইকোর্টের দ্বারস্থ হন। বসিরহাটের পূর্ত দফতরের তরফে হাইকোর্টে রিপোর্টে জমা দেওয়া হয়েছে, সেখানে অভিযোগের সত্যতার কথা উল্লেখ করা হয়েছে। সেই রিপোর্টেই জানানো হয়েছে, ওই দখলদারদের মধ্যে তৃণমূলের দলীয় অফিসও রয়েছে। ওই রিপোর্ট দেখার পরই বিচারপতি সিনহা তৃণমূল অফিস সহ যাবতীয় দখল উচ্ছেদ করার নির্দেশ দেন।

কলকাতায় বাংলাদেশ উপদূতাবাসের নিরাপত্তা আরও বাড়াল লালবাজার

কলকাতা ও নয়াদিল্লি, ২৯ নভেম্বরঃ কলকাতায় বাংলাদেশ উপদূতাবাসের নিরাপত্তা ব্যবস্থা আরও আঁটসাঁট করা হল। উপদূতাবাসের বাইরে অতিরিক্ত পুলিশ মোতায়নের সিদ্ধান্ত নিল লালবাজার। এতদিন বাংলাদেশ ডেপুটি হাইকমিশনের বাইরে যে সংখ্যক পুলিশকর্মী মোতায়েন থাকত, সেই সংখ্যা অনেকটাই বাড়ানো হল। দিল্লিতেও বাংলাদেশ হাইকমিশনের বাইরে জোরদার করা হল নিরাপত্তা ব্যবস্থা। বাংলাদেশের বর্তমান পরিস্থিতির প্রতিবাদে গতকাল 'বঙ্গীয় হিন্দু জাগরণ মঞ্চ' নামে একটি সংগঠন কলকাতায় বাংলাদেশ উপদূতাবাস অভিযানের ডাক দিয়েছিল। ওই অভিযানকে কেন্দ্র করে পুলিশের সঙ্গে মিছিলে অংশগ্রহণকারীদের ধস্তাধস্তি হয়। সূত্রের খবর, গতকালের ওই অভিযানের পরই উপদূতাবাসের নিরাপত্তা আরও বাড়ানোর সিদ্ধান্ত নেয় কলকাতা পুলিশ। লালবাজার সূত্রে খবর, একজন অ্যাসিস্ট্যান্ট কমিশনার পদমর্যাদার অফিসার গোটা নিরাপত্তা ব্যবস্থা নজরদারি করবেন। এছাড়াও থাকবেন ২ জন ইন্সপেক্টর। ৬ জন করে এএসআই এবং এসআই পদমর্যাদার অফিসার থাকবেন। মহিলা ও পুরুষ মিলিয়ে ৩০ জন লাঠিধারী কনস্টেবল থাকবেন উপদূতাবাসের বাইরে। শুধু কলকাতা নয়। নয়াদিল্লিতে বাংলাদেশ হাইকমিশনের বাইরেও নিরাপত্তা বাড়ানো হয়েছে। হাইকমিশনের বাইরে মোতায়েন করা হয়েছে দিল্লি পুলিশের র‍্যাপিড অ্যাকশন ফোর্স। জমায়েতের উপর নিষেধাজ্ঞা জারি করা হয়েছে। জারি করা হয়েছে ভারতীয় ন্যায়সংহিতার ১৬৩ ধারা। হাইকমিশনের প্রবেশপথে ব্যারিকেড রাখা হয়েছে। যে কোনও বিক্ষোভ মোকাবিলায় কাঁদানে গ্যাস হাতে তৈরি দিল্লি পুলিশের র‍্যাফ।

বরফ গলছে?

দু'বছর আটকে রাখার পর অবশেষে বাংলাকে এই খাতে টাকা দিল কেন্দ্র

দুরন্ত বার্তা, কলকাতা, ২৯ নভেম্বরঃ গত টানা চার বছর ধরে বকেয়া টাকা মেটানোর ব্যাপারে বাংলার সঙ্গে দিল্লির টানাপোড়েন চলছে তা এক প্রকার বেনজির। অতীতে বামেরাও কেন্দ্রের বিরুদ্ধে বার বার বঞ্চনার অভিযোগ করত। কিন্তু সেই দাবি কতটা সঙ্গত কতটা অসঙ্গত অনেকেরই স্পষ্ট ধারণা ছিল না। কিন্তু এখন সে পরিস্থিতি নয়। গোটা ব্যাপারটা এবং হিসাবনিকেশ অনেকটাই স্বচ্ছ। গত ২ বছর ধরে গ্রামের রাস্তা খাতে বাংলাকে এক নয়া পয়সাও দেয়নি মোদি সরকার। গত আর্থিক বছর থেকে একশ দিনের কাজ প্রকল্পে বরাদ্দ পুরোপুরি বন্ধ করে দিয়েছে। ২০২২ সালের সেপ্টেম্বর মাসে আবাস যোজনা খাতে ৮২০০ কোটি টাকা বরাদ্দ করার জন্য চিঠি দিয়েও শেষমেশ সেই টাকা দেয়নি। একমাত্র অর্থ কমিশনের

সুপারিশ অনুযায়ী কেন্দ্রীয় করের টাকায় যে অংশ রাজ্যের পাওয়ার কথা সেটা পাচ্ছে বাংলা। তা ছাড়া মিড ডে মিল ও সে ধরনের কিছু প্রকল্পে এখনও বরাদ্দ টিম টিম করে টিকে রয়েছে। এই নেতি নেতির মাঝে মঙ্গলবার রাতে নয়াদিল্লি থেকে যে চিঠি নবান্নে এসেছে তা ইতিবাচক বলেই মনে করা হচ্ছে। নবান্নের কর্তাদের মতে, এতে বিশাল উফুল্ল হওয়ার কারণ নেই ঠিকই। তবে ব্যাপারটা যে পজিটিভ তা বলা যেতে পারে। কারণ, পুরো দু'বছর পর গ্রাম সড়ক যোজনা খাতে বাংলাকে এক হাজার কোটির কিছু বেশি টাকা বরাদ্দ করেছে কেন্দ্র। এর আগে শেষবার গ্রামের রাস্তা খাতে ২০২২ সালের নভেম্বর মাসে বাংলাকে ৩৪৩ কোটি টাকা দিয়েছিল কেন্দ্রের সরকার। সূত্রের খবর, বাংলার গ্রামে গঞ্জে নতুন ৫ হাজার কিলোমিটার রাস্তা তৈরির জন্য কেন্দ্রের কাছে টাকা চেয়েছিল রাজ্য। তার মধ্যে প্রায় ৩ হাজার কিলোমটার রাস্তার প্রস্তাব মঞ্জুর হয়েছে। বলে রাখা ভাল, গ্রামে এই রাস্তা তৈরির কাজে কেন্দ্র ৬০ শতাংশ টাকা দেয়। বাকি ৪০ শতাংশ খরচ করতে হয় রাজ্যকে। গ্রাম সড়ক যোজনা খাতে এই টাকা বাজপেয়ী জমানা থেকে পেয়ে আসছে বাংলা। ইউপিএ জমানায় এ ব্যাপারে সবচেয়ে বেশি টাকা পেয়েছিল পূর্বের এই রাজ্য। তখন পঞ্চায়েত মন্ত্রী ছিলেন সুব্রত মুখোপাধ্যায়। কেন্দ্রে তখন গ্রামোন্নয়ন মন্ত্রী ছিলেন জয়রাম রমেশ। সুব্রত ও জয়রামের মধ্যে সুষ্ঠু কাজের সম্পর্ক ছিল। গ্রামে রাস্তা তৈরির ব্যাপারে তাঁদের দুজনের আগ্রহ ছিল অসীম। তারই সুফল পেয়েছিল বাংলা। মমতা বন্দ্যোপাধ্যায়ের প্রথম জমানায় সেই কারণেই ৫ হাজার কিলোমিটারের বেশি দীর্ঘ গ্রামের রাস্তা তৈরি হয়েছিল। কিন্তু একুশ সালে বিধানসভা ভোটের পর থেকেই কেন্দ্র-রাজ্য আর্থিক সম্পর্ক ঘেঁটে গেছে। বাংলায় কেন্দ্রীয় অনুদানে চলা প্রকল্পগুলির বাস্তবায়নে বল্গাহীন দুর্নীতির অভিযোগ করেছে বিজেপি। বার বার কেন্দ্রীয় টিম পর্যবেক্ষণে এসেছে। এমনকি প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির সঙ্গে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় এ বিষয়ে দেখাও করেছিলেন গত ডিসেম্বর মাসে। তবু কাজের কাজ কিছু হয়নি। শেষমেশ মহারাষ্ট্র ও ঝাড়খণ্ড ভোটের পর পরিবর্তিত রাজনৈতিক পরিস্থিতিতে ইশান কোণে আলো দেখা যাচ্ছে বলে অনেকে মনে করছেন। অনেকের মনেই কৌতূহল তৈরি হয়েছে যে এর পর কি একশ দিনের কাজ ও আবাস যোজনা খাতে টাকাও রিলিজ করবে কেন্দ্র। কাকতালীয় হল কেন্দ্রের বিরুদ্ধে আর্থিক বঞ্চনার অভিযোগ করে শুক্রবার বিধানসভায় প্রস্তাব এনেছিল শাসক দল তৃণমূল। সেই আলোচনায় অংশ নিয়ে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী আবার বলেছেন, দুর্নীতি বন্ধ হলেই কেন্দ্র টাকা দিতে প্রস্তুত। কিন্তু এরই মধ্যে যে একটা পরিবর্তন ঘটে গেছে তা সম্ভবত তৃণমূলের সিংহভাগ বিধায়কেরও জানা নেই। পর্যবেক্ষকদের মতে, বরফ সত্যিই গলছে কিনা তা একটা বরাদ্দ দিয়ে বোঝা যাবে না। একশ দিনের কাজ ও আবাস যোজনায় বরাদ্দ শুরু হলে বোঝা যাবে, আর্থিক অবরোধ আপাতত উঠে গেল।

লক্ষ্য আরজি কর কাণ্ডের পর চিকিৎসকদের সঙ্গে 'সমন্বয়'

আজ ডায়মন্ড হারবারের 'ডক্টর্স সামিট'

দুরন্ত বার্তা, কলকাতা, ২৯ নভেম্বরঃ চিকিৎসকদের সঙ্গে 'সমন্বয়' বৈঠকে তৃণমূলের সর্ব ভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়। শনিবার আমতলায় আয়োজিত হয়েছে এই বৈঠক। পোশাকি নাম 'ডক্টর্স সামিট ২০২৪'। আরজি কর কাণ্ডের পর চিকিৎসকদের সঙ্গে রাজ্য সরকারের যে 'দূরত্ব' তৈরি হয়েছিল, তা মেটাতেই এই বৈঠক। চিকিৎসকদের আন্দোলনের পর এই প্রথম হাজারও চিকিৎসকের মুখোমুখি অভিষেক। রাজ্যের স্বাস্থ্যক্ষেত্রের একাধিক বিষয় নিয়ে সমন্বয় সভা থেকে কথা বলবেন ডায়মন্ড হারবারের সাংসদ। আমন্ত্রিত চিকিৎসকদের জন্য থাকছে পৃথক প্রবেশপত্র। প্রতিটি মেডিক্যাল কলেজ থেকে শনিবার আমতলার উদ্দেশে রওনা হবে বাস। হাওড়া-শিয়ালদহ স্টেশন থেকেও বাস ছাড়বে আমতলার উদ্দেশে। রাজ্যের বিভিন্ন প্রান্ত থেকে মডার্ন মেডিসিন, আয়ুষ মিলিয়ে হাজার চিকিৎসকের সভায় যোগদানের সম্ভাবনা। নতুন বছর থেকে ডায়মন্ড হারবারের সাত বিধানসভায় চিকিৎসা শিবিরের আয়োজন করা হবে। প্রতিটি বিধানসভায় ১০ দিন ধরে স্বাস্থ্য শিবিরের ভাবনা। এক-এক দিন বিধানসভা ভিত্তিক অন্তত ৪০টি শিবির করার পরিকল্পনা করা হয়েছে। দশ দিনের মধ্যে সাতদিন শিবির পরিচালনায় জেনারেল মেডিসিনের চিকিৎসকরা। তিনদিন সুপার স্পেশালিটি বিভাগের চিকিৎসকেরা থাকতে পারেন। কার্যত স্বাস্থ্য শিবিরের মাধ্যমে 'চলমান-হাসপাতাল' পরিষেবা দেওয়ার ভাবনা। স্বাস্থ্য শিবিরে সাধারণ রক্ত পরীক্ষার পাশাপাশি পোর্টেবল ইসিজি পরিষেবা দেওয়ারও পরিকল্পনা। বৃহস্পতিবার সন্ধ্যা থেকে সামাজিক মাধ্যমে এই কর্মসূচির পোস্টার ছড়াতে শুরু করেছে। অভিষেকের 'ডক্টর্স সামিট' ঘিরে তৃণমূলের অভ্যন্তরীণ সমীকরণও তুঙ্গে। 'ডক্টর্স সামিটে'র আয়োজক হিসাবে প্রকাশ্যে উল্লেখ শাসকের তরুণ চিকিৎসক

ব্রিগেড। একেবারে গোড়ায় 'ডক্টর্স সামিটে'র আয়োজক হিসাবে নাম ছিল তৃণমূল নেতা শান্তনু সেন, হোমিওপ্যাথির চিকিৎসক শেখ মিরাজউদ্দিনের। পরবর্তী ক্ষেত্রে আমন্ত্রণ পত্রের আয়োজক হিসাবে কার্ড থেকে শান্তনু সেনের নাম বাদ পড়ে। নেপথ্যে রয়েছে দলীয় অন্দরের অন্য সমীকরণ। পরিবর্তে আয়োজক হিসাবে কার্ডে নাম ছাপা হয় চিকিৎসক অভীক ঘোষের। কোভিডের সময় ডায়মন্ড হারবারে 'ডক্টর্স অন হুইলস' কর্মসূচি রূপায়ণে সামনের সারিতে ছিলেন এই তরুণ চিকিৎসক। আনুষ্ঠানিক ভাবে কার্ডে নাম না থাকলেও আমতলার সভায় সুদীপ্ত রায়দের প্রবেশের উপরে নেকনজর রয়েছে শান্তনু শিবিরের। সূত্রের খবর, অনুগামী চিকিৎসকদের নিয়ে স্বাস্থ্যশিবিরে যোগ দিতে চেয়ে চিঠি দিয়েছেন তৃণমূলের বর্ষীয়ান বিধায়ক সুদীপ্ত রায়। এখনও পর্যন্ত সদুত্তর আসেনি বলেই খবর। শান্তনু সেন ঘনিষ্ঠ চিকিৎসকদের বক্তব্য, এর আগে ডায়মন্ড হারবার-সহ নবজোয়ারে স্বাস্থ্য শিবির আয়োজন করে তাঁরা সুশান্ত রায়, অভীক দে'র কোপে পড়েছিলেন। শনিবারের সভার পর একই ঘটনার পুনরাবৃত্তি হলে অভিষেক পাশে থাকবেন সেই বার্তা পেতেও আগ্রহী শান্তনু সেন ঘনিষ্ঠরা। শেখ মিরাজউদ্দিন বলেছেন, তিলোত্তমা কাণ্ডের পর দলের মধ্যে বাইরে দলের ভিতরে যে বিতর্ক তৈরি হয়েছে সেটাই সম্ভবত স্পষ্ট করবেন অভিষেক বন্দ্যোপাধ্যায়। তৃণমূল পন্থী চিকিৎসকদের মধ্যে একটা বিভ্রান্তি রয়েছে। মানুষের মধ্যেও ধোঁয়াশা রয়েছে। গোষ্ঠীদ্বন্দ্ব শুরু হয়ে গিয়েছে। এই সভায় যাঁরা থাকবেন তাঁরাই আসল তৃণমূল। বিশ্লেষকরা মনে করছেন, স্বাস্থ্য ব্যবস্থায় অভিষেকের 'ডায়মন্ড হারবার' মডেল আরও একবার নজির গড়বে। কোভিডের নমুনা সংগ্রহের ক্ষেত্রেও ডায়মন্ড হারবার সব জেলার মধ্যে দৃষ্টান্ত স্থাপন করেছিল। চিকিৎসকদের আন্দোলনে যখন গোটা রাজ্য তোলপাড় হয়েছে, তারপর এই ধরনের একটি বৈঠক স্বাভাবিকভাবেই নজির স্থাপন করবে বলেই মনে করছেন বিশ্লেষকরা।

চিন্ময় দাসের স্বচ্ছ বিচার চাই

সংখ্যালঘু নির্যাতন নিয়ে বাংলাদেশকে কড়া বার্তা ভারতের

নয়াদিল্লি, ২৯ নভেম্বরঃ বাংলাদেশের পরিস্থিতি ও হিন্দু-সংখ্যালঘু নির্যাতন নিয়ে কড়া বার্তা ভারতের। বাংলাদেশে সংখ্যালঘুদের অবস্থা উদ্বেগজনক, দাবি বিদেশমন্ত্রকের। আশা করি বাংলাদেশের সরকার সংখ্যালঘুদের নিরাপত্তা দেবে। শুক্রবার এমনটাই জানালেন ভারতীয় বিদেশমন্ত্রকের মুখপাত্র রনধীর জয়সওয়াল। সংখ্যালঘুদের নিরাপত্তার দায়িত্ব নিক সেদেশের সরকার। তবে দ্বিপাক্ষিক সম্পর্ক যেমন ছিল তেমনই চলবে। বানিজ্যে কোনও প্রভাব পড়বে না। সম্প্রতি হিন্দু সন্ন্যাসী চিন্ময় দাসের গ্রেফতারি উত্তপ্ত বাংলাদেশ। হিন্দু সম্প্রদায়ের প্রতিবাদ-বিক্ষোভের আঁচ পড়েছে ভারতেও। সংখ্যালঘু নজরে এনে এর কার্যক্রম বাংলাদেশে নিষিদ্ধ করতে আদালতের কাছে আবেদন করেছিলেন আইনজীবী মহম্মদ মনির উদ্দিন। তবে ইসকন ইস্যুতে উত্তাপ বাংলাদেশের মধ্যে আর সীমাবদ্ধ নেই। ছড়িয়ে পড়েছে ভারতেও। বিদেশ মন্ত্রকের তরফে বলা হয়েছে, ইসকন একটি আন্তর্জাতিকভাবে সম্মানিত সংস্থা, যা সমাজসেবায় গুরুত্বপূর্ণ ভূমিকা রেখে চলেছে। সংখ্যালঘুদের সুরক্ষায় প্রয়োজনীয় পদক্ষেপ নিতে বাংলাদেশ সরকারকে আহ্বান জানিয়েছে ভারত। এদিকে বিদেশ মন্ত্রী এস জয়শঙ্কর সংসদে দেওয়া এক লিখিত জবাবে বলেছেন, 'বাংলাদেশের প্রতিটি নাগরিক,

নিরাপত্তার প্রশ্নে কিছুদিন আগেই উদ্বেগ প্রকাশ করে বার্তা দিয়েছিল নয়াদিল্লি। কিন্তু তাতে কোনও লাভ হয়নি। বরং চিন্ময় দাসের নিরাপত্তা ও স্বচ্ছ বিচারের সম্ভাবনা নিয়ে ধোঁয়াশা তৈরি হলে অশান্তি আরও বাড়ে। এমন প্রেক্ষিতে চিন্ময় দাস যাতে স্বচ্ছ বিচার প্রক্রিয়া পেয়ে থাকেন সেই আর্জি জানানো হয়েছে ভারতের তরফে। সম্প্রতি বাংলাদেশে রাষ্ট্রদ্রোহে অভিযুক্ত চিন্ময়কৃষ্ণ দাসকে জেলে পাঠানোর পর থেকে উত্তপ্ত প্রতিবেশি দেশের রাজনীতি। চিন্ময়কৃষ্ণ ভক্ত ও ইসকন অনুসারীদের হামলায় এক সরকারি আইনজীবীর মৃত্যুর পর থেকে বিতর্ক চরমে। এরপর বাংলাদেশে ইসকন নিষিদ্ধ করার দাবি ওঠে। আন্তর্জাতিক কৃষ্ণ ভাবামৃত সংঘ তথা ইসকন নিষিদ্ধ হবে কিনা সে বিষয়ে সিদ্ধান্ত নেবে সরকার, এ নিয়ে আদালতের হস্তক্ষেপের উচিত হবে না আদালতে এমনই জানিয়েছেন সরকারপক্ষের আইনজীবী। বিবিসির খবর, ইসকনের কার্যক্রম নিয়ে প্রকাশিত প্রতিবেদন হাইকোর্টের বিশেষত সংখ্যালঘুদের জীবন ও স্বাধীনতা রক্ষার দায়িত্ব বাংলাদেশ সরকারের ওপর বর্তায়।' তিনি আরও জানান, 'বাংলাদেশে হিন্দু ও অন্যান্য সংখ্যালঘুদের ওপর হিংসা, তাদের বাড়ি ও ব্যবসা প্রতিষ্ঠানে হামলা এবং মন্দিরসহ ধর্মীয় স্থান আক্রমণের ঘটনা নিয়ে আমরা একাধিক প্রতিবেদন পেয়েছি। ২০২৪ সালের আগস্ট মাসে এসব ঘটনার পরিপ্রেক্ষিতে বাংলাদেশ সরকারের সঙ্গে বিষয়টি নিয়ে গভীরভাবে আলোচনা করা হয়েছে।' জয়শঙ্কর জানান, ঢাকার একটি পূজামণ্ডপে হামলা এবং সাতক্ষীরার একটি মন্দিরে চুরির ঘটনা নিয়ে ভারত উদ্বেগ প্রকাশ করে। এর পরিপ্রেক্ষিতে দুর্গাপূজার সময় শান্তিপূর্ণ উদযাপন নিশ্চিত করতে বাংলাদেশ সরকার বিশেষ নিরাপত্তা ব্যবস্থা নেওয়ার নির্দেশ দেয়। ভারত সরকারের স্পষ্ট বার্তা, বাংলাদেশের অন্তর্বর্তী সরকারকে সংখ্যালঘুদের সুরক্ষা নিশ্চিত করতেই হবে। এই বিষয়ে উভয় দেশের মধ্যে কূটনৈতিক আলোচনা অব্যাহত রয়েছে।

শনিবার বিকেলেই আছড়ে পড়ছে সাইক্লোন 'ফেইঞ্জল'

দুরন্ত বার্তা, কলকাতা, ২৯ নভেম্বরঃ প্রতি মুহূর্তে বদলে যাচ্ছে আবহাওয়ার আপডেট। শুক্রবার সকালেই মৌসম ভবন জানিয়েছিল, আপাতত সাইক্লোনের কোনও আশঙ্কা নেই। তবে বেলা ঘুরতেই বদলে গেল ছবিটা। বঙ্গোপসাগরে তৈরি হওয়া নিম্নচাপ, গভীর নিম্নচাপের পর পরিণত হচ্ছে ঘূর্ণিঝড়ে। শক্তি বাড়িয়ে ঘূর্ণিঝড়ের আকার নিয়েছে। উপকূলে আছড়ে পড়া এবার সময়ের অপেক্ষা। কোন পথে এগোচ্ছে সেই ঝড়, সেই তথ্যও প্রকাশ করল মৌসম ভবন। মৌসম ভবনের দেওয়া রিপোর্ট অনুযায়ী, আগামিকাল, শনিবার বিকেলে আছড়ে পড়বে সাইক্লোন 'ফেইঞ্জল'। তামিলনাড়ুর মহাবলীপুরমের কাছে আছড়ে পড়ার ইঙ্গিত দিয়েছে আবহাওয়া দফতর। তার আগেই জারি হল লাল সতর্কতা। মূলত অন্ধ্রপ্রদেশ ও তামিলনাড়ু উপকূলে সতর্কবার্তা জারি করা হয়েছে। জানা গিয়েছে, ঝড়ের সর্বোচ্চ গতিবেগ হতে পারে ৯০ কিলোমিটার প্রতি ঘণ্টা। তামিলনাড়ুর মহাবলীপুরমের কাছে আছড়ে পড়ার ইঙ্গিত। নিম্নচাপের প্রভাব ইতিমধ্যেই পড়তে শুরু করেছে বাংলায়। সাইক্লোনের প্রভাবে বাংলার উপকূলে হালকা বৃষ্টি হবে বলেও জানা গিয়েছে। এদিকে নিম্নচাপ ও মেঘ থাকার কারণে হঠাৎ বেড়ে গিয়েছে তাপমাত্রা। বাংলা থেকে ঠাণ্ডার পথে কাঁটা হয়ে উঠছে সেই নিম্নচাপ।

আরজি করে দুর্নীতি মামলায় প্রথম চার্জশিট জমা পড়ল, রয়েছে সন্দীপ ঘোষ-সহ পাঁচ জনের নাম

দুরন্ত বার্তা, কলকাতা, ২৯ নভেম্বরঃ আরজি কর মেডিক্যালের প্রাক্তন অধ্যক্ষ সন্দীপ ঘোষ-সহ ৫ জনের বিরুদ্ধে চার্জশিট জমা দিল সিবিআই। আরজি করে আর্থিক দুর্নীতি মামলায় ৮৭ দিনের মাথায় শুক্রবার আলিপুর বিশেষ সিবিআই আদালতে তাঁদের বিরুদ্ধে চার্জশিট জমা পড়ল। ১২৫ পাতার চার্জশিট। তার সঙ্গে ৫০০ পাতার নথি এদিন আদালতে জমা দেন সিবিআই আধিকারিকরা। আরজি করে আর্থিক দুর্নীতি মামলায় এই প্রথম চার্জশিট জমা দিল সিবিআই। এদিন ২টা ১৫ মিনিট নাগাদ আদালতে আসেন সিবিআই আধিকারিকরা। সূত্রে জানা গিয়েছে, নিজের প্রভাব খাটিয়ে কীভাবে সন্দীপ ঘোষ বেআইনিভাবে টেন্ডার পাইয়ে দিতেন, তা উল্লেখ করা হয়েছে চার্জশিটে। অভিযুক্তরা কীভাবে নিজের সম্পত্তি বাড়িয়েছেন, তাও উল্লেখ করা হয়েছে। আরজি করে আর্থিক তছরুপের সমস্ত তথ্য এদিন আদালতে জমা পড়েছে। সন্দীপ ঘোষ ছাড়া বাকি অভিযুক্তরা হলেন সুমন হাজরা, বিপ্লব সিংহ, আফসার আলি খান এবং আশিস পান্ডে। গত ৯ আগস্ট আরজি করের সেমিনার হল থেকে এক জুনিয়র ডাক্তারের দেহ উদ্ধার হয়। 'তিলোত্তমা'র নৃশংস পরিণতির প্রতিবাদে আন্দোলনে নামেন জুনিয়র ডাক্তাররা। রাস্তায় নামেন সাধারণ মানুষও। ঘটনার ২৪ ঘণ্টার মধ্যে এক সিভিক ভলান্টিয়ারকে গ্রেফতার করে পুলিশ। পরে কলকাতা হাইকোর্টের নির্দেশের ঘটনার তদন্তভার নেয় সিবিআই। তিলোত্তমাকাণ্ডের পরই আরজি করের তৎকালীন অধ্যক্ষ সন্দীপ ঘোষের বিরুদ্ধে নানা অভিযোগ উঠতে থাকে। কয়েকদিন পর তাঁকে অধ্যক্ষের পদ থেকে সরানো হয়। আরজি কর কাণ্ডের তদন্তভার হাতে নেওয়ার পর সন্দীপ ঘোষকে টানা জিজ্ঞাসাবাদ করে সিবিআই। তারপর গত ২ সেপ্টেম্বর আরজি করের আর্থিক দুর্নীতি মামলায় গ্রেফতার করা হয় সন্দীপ ঘোষকে। তার কয়েকদিন পর তিলোত্তমাকাণ্ডে প্রমাণ লোপাটের অভিযোগেও তাঁকে গ্রেফতার করা হয়। এদিন আর্থিক দুর্নীতি মামলায় প্রথম চার্জশিট জমা দিল সিবিআই।

পাকিস্তান হয়ে যাচ্ছে বাংলাদেশ? লক্ষণগুলো ধরিয়ে দিলেন শুভেন্দু

দুরন্ত বার্তা, কলকাতা, ২৯ নভেম্বরঃ রাষ্ট্রদ্রোহিতার অভিযোগে চিন্ময়কৃষ্ণ দাসের গ্রেফতারিতে উত্তাল বাংলাদেশ। প্রতিবাদের ঢেউ আছড়ে পড়ছে এপার বাংলাতেও। ফুঁসছে বিজেপি। একদিন আগেই চিন্ময়কৃষ্ণের নিঃশর্ত মুক্তির দাবি, বাংলাদেশে সংখ্যালঘুদের উপর অত্যাচারের প্রতিবাদে কলকাতায় বড় মিছিল করে ফেলেছে হিন্দু জাগরণ মঞ্চ। অন্যদিকে ওপারে আবার ভারতের বিরুদ্ধেও উঠছে লাগাতার স্লোগান। বড় অংশের সংখ্যালঘুদের ভারতের দালাল বলেও দেগে দেওয়া হচ্ছে বলে অভিযোগ। ও পাকিস্তানের চরদের সঠিক উত্তর দেওয়ার ব্যবস্থা এপার থেকে আসল ভারতীয়রা করবে।'' শুভেন্দুর সাফ কথা অবস্থা যে দিকে যাচ্ছে তাতে কড়া উত্তর দেওয়ার সময় এসেছে। পাকিস্তানের দুরাবস্থার কথা স্মরণ করিয়ে দিয়ে বলেন, ''আজকের বাজারে দেড়শো টাকা পেঁয়াজ। একশো কুড়ি টাকা আলু। পাকিস্তানের মতো অবস্থা হোক। এক হাজার টাকা লিটার পেট্রোল। চারশো টাকায় কেজি প্রতি আটা কিনতে হয়।'' এমনকী বাংলাদেশের ভারতের প্রতি নির্ভরতার কথা মনে করিয়েও খোঁচা দিতে দেখা যায় তাঁকে।

এরইমধ্যে ফের হুঙ্কার বিধানসভার বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর। দিলেন বড় হুঁশিয়ারি। সাফ বলছেন, কড়া উত্তর দেওয়ার সময় এসেছে। ওপারে বেড়ে চলা ভারত 'বিদ্বেষ' প্রসঙ্গে বলতে গিয়ে বাংলাদেশকে ইতিহাস মনে করাতে দেখা যায় শুভেন্দুকে। মুক্তিযুক্তের প্রসঙ্গ তুলে বলেন, ''তিন হাজার ভারতীয় সেনার আত্মবলিদান রয়েছে। তখন কোথায় ছিলেন এরা? ৩০ হাজার বাঙালি হিন্দু আত্মবলিদান দিয়েছেন। তারপর একাত্তরের বিজয় এসেছে।'' এরপরই তাঁর হুঙ্কার, ''১৬ ডিসেম্বর বিজয় দিবস। কলকাতাতে মহাসমাবেশ থেকে বাংলাদেশের রাজাকার কটাক্ষের সুরেই বলেন, ''ফারাক্কার উপর দিয়ে বিদ্যুত না গেলে ওখানে তো ৮০ ভাগ জায়গা অন্ধকার হয়ে যাবে।'' এর আগে খানিক একই সুর শোনা গিয়েছিল মন্ত্রী ফিরহাদ হাকিমের গলাতে। পাকিস্তানের প্রসঙ্গ তুলে উদ্বেগ প্রকাশ করে বলেছিলেন, ''বাংলাদেশে যেটা হয়েছে, সেটা কাম্য নয়। বাংলাদেশ বাংলার একটা অংশ। আমরা ধর্ম নিরপেক্ষতার পথে থাকি। বাংলাদেশে এর আগে যে সরকার ছিল, তারা ধর্ম নিরপেক্ষতার পথে ছিল বলে পরিস্থিতি অনেক ভাল ছিল। ধর্মান্ধতায় পাকিস্তানের মতো অন্ধকারে চলে যেতে হবে।''

বাংলাদেশে হিন্দুরা চরম বিপদে, ব্রিটিশ পার্লামেন্টে সরব ব্রিটিশ এমপি ব্ল্যাকম্যান

লন্ডন, ২৯ নভেম্বরঃ বাংলাদেশে চলমান হিন্দু নির্যাতনের ঘটনায় উদ্বেগ প্রকাশ করল ব্রিটেন। হিন্দু নির্যাতন ও ইসকনের নিষিদ্ধকরণ ইস্যুতে শোরগোল পড়েছে সেদেশের পার্লামেন্টে। ব্রিটিশ কনজারভেটিভ এমপি বব ব্ল্যাকম্যান বাংলাদেশে হিন্দু সম্প্রদায়ের বিরুদ্ধে হিংসার এবং ইস্কনের পুরোহিত চিন্ময় কৃষ্ণ দাসের গ্রেফতারের ঘটনাকে তীব্র নিন্দা জানিয়েছেন। তিনি বলেছেন, ধর্মীয় সংখ্যালঘুদের ওপর এমন নির্যাতন কোনওভাবেই গ্রহণযোগ্য নয়। বব ব্ল্যাকম্যান যুক্তরাজ্যের পার্লামেন্টে এই বিষয়টি উত্থাপন করে বলেছেন যে, ''বাংলাদেশে সংখ্যালঘু হিন্দু সম্প্রদায় চরম সহিংসতার মুখোমুখি হচ্ছে। তাদের ঘরবাড়ি ও মন্দিরে অগ্নিসংযোগ করা হচ্ছে, এমনকি তাদের জীবনও হুমকির সম্মুখীন।'' তিনি এই অবস্থাকে গভীর উদ্বেগজনক বলে আখ্যা দিয়েছেন এবং আন্তর্জাতিক সম্প্রদায়ের দৃষ্টি আকর্ষণ করার চেষ্টা করেছেন। বিগত কয়েক বছর ধরে বাংলাদেশে সংখ্যালঘু হিন্দু সম্প্রদায়ের ওপর হামলা ও নির্যাতনের ঘটনা ক্রমাগত বৃদ্ধি পাচ্ছে। মন্দির, দেবদেবীর মূর্তি ধ্বংস, এবং ধর্মীয় নেতাদের ওপর হামলা একটি সাধারণ চিত্র হয়ে দাঁড়িয়েছে। ধর্মীয় সম্প্রীতির দেশ হিসেবে পরিচিত বাংলাদেশে এমন ঘটনা দেশটির ধর্মনিরপেক্ষ ভাবমূর্তির জন্য হুমকিস্বরূপ। ইস্কনের পুরোহিত চিন্ময় কৃষ্ণ দাসের গ্রেফতার আন্তর্জাতিক মহলে ব্যাপক প্রতিক্রিয়া সৃষ্টি করেছে। বব ব্ল্যাকম্যান এই ঘটনাকে বিশেষ গুরুত্ব দিয়ে উল্লেখ করেছেন এবং বলেছেন, ''এই মুহূর্তে আন্তর্জাতিক কৃষ্ণভাবনামৃত



সংঘ (ইস্কন), যারা যুক্তরাজ্যের এলস্ট্রির ভক্তিবেদান্ত ম্যানর পরিচালনা করে, যা এই দেশের বৃহত্তম হিন্দু মন্দির, তাদের একজন আধ্যাত্মিক নেতা বাংলাদেশে গ্রেফতার হয়েছেন।'' বব ব্ল্যাকম্যান স্পষ্টভাবে উল্লেখ করেছেন যে, বাংলাদেশে সংখ্যালঘু সম্প্রদায়ের ওপর নির্যাতন কেবল স্থানীয় নয়, এটি আন্তর্জাতিক পর্যায়ে মানবাধিকার লঙ্ঘনের উদাহরণ। তিনি বলেছেন, ''বাংলাদেশে সংখ্যালঘু হিন্দুরা আজ চরম বিপদের মুখোমুখি। আন্তর্জাতিক সম্প্রদায়ের উচিত এই পরিস্থিতি মোকাবিলা করতে পদক্ষেপ গ্রহণ করা।'' তিনি আরও বলেন যে, ''বাংলাদেশে ধর্মীয় সংখ্যালঘুদের নিরাপত্তা নিশ্চিত করতে এবং তাদের ওপর নির্যাতন বন্ধে কঠোর ব্যবস্থা গ্রহণ করা জরুরি। ব্ল্যাকম্যানের মতে, ইস্কনের মতো আন্তর্জাতিক সংস্থার নেতাদের বিরুদ্ধে এমন পদক্ষেপ শুধু একটি নির্দিষ্ট গোষ্ঠীর ওপর নির্যাতনের উদাহরণ নয়, এটি বৃহত্তর ধর্মীয় স্বাধীনতার জন্য একটি বড় হুমকি।'' বব ব্ল্যাকম্যান এই পরিস্থিতিতে আন্তর্জাতিক সম্প্রদায়ের জরুরি হস্তক্ষেপের আহ্বান জানিয়েছেন। তিনি বলেছেন যে, ''বাংলাদেশ সরকারকে অবশ্যই সংখ্যালঘুদের নিরাপত্তা নিশ্চিত করতে আরও কার্যকর ভূমিকা নিতে হবে।'' ইউরোপ ও আমেরিকার মতো দেশগুলো বাংলাদেশের সংখ্যালঘু হিন্দু সম্প্রদায়ের নিরাপত্তার বিষয়টি গুরুত্বের সঙ্গে বিবেচনা করতে পারে। এক্ষেত্রে জাতিসংঘ এবং অন্যান্য আন্তর্জাতিক সংস্থাগুলোর মধ্যস্থতা ও পর্যবেক্ষণ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে বলেই মনে করছে কূটনৈতিক মহল।

মঙ্গল মুন্ডার প্রয়াণে শোকপ্রকাশ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর

রাঁচি, ২৯ নভেম্বর ঃ জনজাতি সম্প্রদায়ের বিশিষ্ট ব্যক্তি ভগবান বিরসা মুণ্ডার বংশধর মঙ্গল মুন্ডা বৃহস্পতিবার গভীর রাতে প্রয়াত হয়েছেন। তাঁর প্রয়াণে শোকপ্রকাশ করেছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। তিনি বলেন, ভগবান বিরসা মুন্ডার বংশধর মঙ্গল মুন্ডা জির প্রয়াণে গভীরভাবে শোকাহত। তাঁর মৃত্যু শুধু তাঁর পরিবারের জন্যই নয়, ঝাড়খণ্ডের জনজাতি সমাজের জন্যও এক অপূরণীয় ক্ষতি। ঈশ্বর তাঁর পরিবারকে শক্তি দিন। ওম শান্তি!উল্লেখ্য, মঙ্গল মুন্ডা বৃহস্পতিবার গভীর রাতে রাজেন্দ্র ইনস্টিটিউট অফ মেডিক্যাল সায়েন্স (রিমস)-এ শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। তাঁর প্রয়াণে আদিবাসী সম্প্রদায়ের মধ্যে শোকের ছায়া নেমে এসেছে। খুন্তির উলিহাতু গ্রামে তাঁর শেষকৃত্য সম্পন্ন হবে।প্রসঙ্গত, ২৫ নভেম্বর মঙ্গল মুন্ডা পথ দুর্ঘটনায় আহত হন। তাঁর মাথায় গুরুতর জখম ছিল। তাঁকে উন্নত চিকিৎসার জন্য রিমসে নিয়ে আসা হয়। তিনি আইসিইউতে চিকিৎসাধীন ছিলেন। বৃহস্পতিবার গভীর রাতে তিনি প্রয়াত হন।অন্যদিকে জনজাতি সম্প্রদায়ের বিশিষ্ট ব্যক্তি ভগবান বিরসা মুণ্ডার নাতি মঙ্গল মুন্ডা বৃহস্পতিবার গভীর রাতে প্রয়াত হয়েছেন। ঝাড়খণ্ডের রাজ্যপাল সন্তোষ কুমার গাঙ্গওয়ার মঙ্গল মুণ্ডার প্রয়াণে শোকপ্রকাশ করেছেন। তিনি বলেন, এই খবর অত্যন্ত দুঃখজনক। শোকাহত পরিবারের সদস্যদের প্রতি আমার গভীর সমবেদনা। ঈশ্বর শোকসন্তপ্ত পরিবারকে শক্তি প্রদান করুন।উল্লেখ্য, মঙ্গল মুন্ডা বৃহস্পতিবার গভীর রাতে রাজেন্দ্র ইনস্টিটিউট অফ মেডিক্যাল সায়েন্স (রিমস)-এ শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। তাঁর প্রয়াণে আদিবাসী সম্প্রদায়ের মধ্যে শাকের ছায়া নেমে এসেছে। খুন্তির উলিহাতু গ্রামে তাঁর শেষকৃত্য সম্পন্ন হবে।প্রসঙ্গত, ২৫ নভেম্বর মঙ্গল মুন্ডা পথ দুর্ঘটনায় আহত হন। তাঁর মাথায় গুরুতর জখম ছিল। তাঁকে উন্নত চিকিৎসার জন্য রিমসে নিয়ে আসা হয়। তিনি আইসিইউতে চিকিৎসাধীন ছিলেন।

বাংলার বন্যপ্রাণী অভয়ারণ্যগুলিতে মাটির প্রধান জৈব-নির্দেশক শনাক্তকরণে ভারতীয় প্রাণীতত্ত্ব সর্বেক্ষণের যুগান্তকারী সমীক্ষা

কলকাতা(পিআইবি), ২৮ নভেম্বর,মাটির প্রধান জৈব উপাদান কেঁচো সুস্থ বাস্তুতন্ত্র বজায় রাখতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। পুষ্টিচক্র সচল রাখা, মাটির মধ্যে বায়ু চলাচল এবং মাটির গঠনে সক্রিয় ভূমিকা নিয়ে মাটির উর্বরতা বৃদ্ধি ও গাছপালার বেড়ে ওঠায় এর অবদান অপরিসীম। সুস্থিত বাস্তুতন্ত্র অক্ষুণ্ণ রেখে দীর্ঘমেয়াদে তার সুস্বাস্থ্য কিভাবে বজায় রাখা যায়, মাটির গুণমান পরীক্ষা করে গবেষকরা তা বোঝার চেষ্টা করেন। ভারতীয় প্রাণীতত্ত্ব সর্বেক্ষণ-এর অধিকর্তা ডঃ ধৃতি ব্যানার্জি পশ্চিমবঙ্গের বন্যপ্রাণী অভয়ারণ্যগুলিতে কেঁচোর বিভিন্ন প্রজাতির স্থানিক বণ্টন নিয়ে একটি গবেষণা শুরু করেছে। ভারতীয় প্রাণীতত্ত্ব সর্বেক্ষণ-এর গবেষক ডঃ শাকুর আহমেদ ২২ ধরনের প্রজাতির সন্ধান পেয়েছেন। এর মধ্যে রায়গঞ্জ অভয়ারণ্যে সবথেকে বেশি সংখ্যক প্রজাতির সন্ধান পাওয়া গেছে। ডঃ এন মারিমুথু তাঁর বিশ্লেষণে নয়টি গুরুত্বপূর্ণ নির্দেশক প্রজাতির হদিশ পেয়েছেন। রায়গঞ্জ ছাড়া সব অভয়ারণ্যেই নির্দেশক হিসেবে অন্তত একটি করে বিদেশি প্রজাতির সন্ধান মিলেছে। পাখিদের বাসা বাঁধার স্থান হিসেবে পরিচিত রায়গঞ্জে নির্দেশক হিসেবে ইউটিফোস নিকোলসোনি নামে স্থানীয় প্রজাতির সন্ধান পাওয়া গেছে। ফ্রন্টিয়ার্স ইন ইকলজি অ্যান্ড এভোলিউশন-এ প্রকাশিত এইসব তথ্য থেকে আমরা কেঁচোর প্রজাতিগত বৈচিত্র্য এবং অভয়ারণ্যগুলিতে বাস্তুতন্ত্র বজায় রাখার ক্ষেত্রে তাদের গুরুত্ব সম্পর্কে

জানতে পারি। কেঁচো ক্ষয়ে যাওয়া জৈব পদার্থ গ্রহণ করে, তা হজম করে এবং পুষ্টি সমৃদ্ধ ভার্মিকাস্ট নিঃসরণ করে। পুষ্টি ও উপকারী জীবাণু সমৃদ্ধ এই প্রাকৃতিক সার মাটির স্বাস্থ্যের উন্নতি ঘটায়, উদ্ভিদের বিকাশে সহায়ক হয় এবং রাসায়নিক সারের চমকার বিকল্প হিসেবে কাজ করে। ভার্মিকম্পোস্টিং-এ জৈব বর্জ্যের পচন ত্বরান্বিত করতে কেঁচোকে ব্যবহার করা হয়। কেঁচোর বিভিন্ন প্রজাতির স্থানিক বন্টন বিশ্লেষণের জন্য ভারতীয় প্রাণীতত্ত্ব সর্বেক্ষণ-এর উদ্যোগে বল্লভপুর, বেথুয়া ডহরি, বিভূতিভূষণ, রায়গঞ্জ কুলিক এবং রমনাবাগান বন্যপ্রাণী অভয়ারণ্যে সমীক্ষা চালানো হয়। ডঃ শাকুর আহমেদ ১২টি বংশ এবং ছ'টি পরিবারের মোট ২২ ধরনের প্রজাতি শনাক্ত করেন। ঙ্ডসবথেকে বেশি প্রজাতির সন্ধান পাওয়া গেছে রায়গঞ্জ অভয়ারণ্যে (১৫)। এরপরে রয়েছে বেথুয়া ডহরি (১৪), বল্লভপুর (১১), বিভূতিভূষণ (১০) এবং রমনাবাগান (৮)। নির্দেশক প্রজাতি বিশ্লেষণে ২২টির মধ্যে ৯টি প্রজাতিকে গুরুত্বপূর্ণ নির্দেশক হিসেবে চিহ্নিত করা হয়েছে। এই কাজটি করেন ভারতীয় প্রাণীতত্ত্ব সর্বেক্ষণ-এর বিজ্ঞানী এবং জেনারেল নন-করডাটা সেকশনের ভারপ্রাপ্ত ডঃ এন মারিমুথু। এই ৯টি প্রজাতির মধ্যে তিনটি প্রজাতি বেথুয়া ডহরি, দুটি করে প্রজাতি বল্লভপুর ও রমনাবাগান এবং একটি করে প্রজাতি রায়গঞ্জ ও বিভূতিভূষণ অভয়ারণ্য থেকে পাওয়া গেছে।ঙ্ডরায়গঞ্জ ছাড়া অন্য সব অভয়ারণ্যে নির্দেশক হিসেবে অন্তত একটি করে বিদেশি প্রজাতির সন্ধান পাওয়া গেছে। বিভূতিভূষণের ক্ষেত্রে এটি হল মেটাফায়ার পসথুমা, বেথুয়া ডহরির ক্ষেত্রে অ্যামিথাস আলেকজান্দ্রি, বল্লভপুরের ক্ষেত্রে ডিকোগাস্টার অ্যাফিনিস এবং রমনাবাগানের ক্ষেত্রে পোন্টোসকোলেক্স কর্থারাস।লক্ষ্য করার বিষয় হল, রায়গঞ্জে নির্দেশক হিসেবে যে একটিমাত্র স্থানীয় প্রজাতির সন্ধান মিলেছে তা হল, ইউটিফোস নিকলসোনি। এখানে আরও বেশ কিছু প্রজাতিও রয়েছে। এই স্থানটি পাখিদের বাসা বাঁধার স্থান হিসেবেও পরিচিত। সম্পূর্ণ গবেষণার ফলাফল সায়েন্স সাইটেশন ইন্ডেক্স (এসসিআই) - ফ্রন্টিয়ার্স ইন ইকলজি অ্যান্ড এভোলিউশন-এ প্রকাশিত হয়েছে। ঙ্ডভারতীয় প্রাণীতত্ত্ব সর্বেক্ষণ-এর অধিকর্তা ডঃ ধৃতি ব্যানার্জি ভার্মিকালচারের জন্য স্থানীয় প্রজাতির কেঁচো খুঁজে বের করার প্রয়োজনীয়তার ওপর জোর দিয়েছেন।

বিরোধীদের বিক্ষোভ, সোমবার পর্যন্ত মুলতবি সংসদ

নয়াদিল্লি, ২৯ নভেম্বর ঃ শুক্রবারও মুলতুবি হয়ে গেল সংসদ অধিবেশনের দুই কক্ষই। অধিবেশন ফের বসবে আগামী সোমবার। বিরোধীরা আদানি ও সম্ভল ইস্যুতে আলোচনার দাবি জানিয়ে আসছিল। শুক্রবার রাজ্যসভায় অধিবেশন শুরু হওয়ার পর বিরোধীরা প্রতিবাদ জানাতে থাকেন।শীতকালীন অধিবেশনের শুরু থেকেই আদানি ইস্যুতে সংসদে হট্টগোল করেন বিরোধীরা। যার জেরে এখনও পর্যন্ত সেভাবে সংসদ চালানোই যায়নি। শুক্রবারও অধিবেশন শুরুর পরপরই বিরোধীরা বিক্ষোভ দেখাতে থাকেন।রাজ্যসভার চেয়ারম্যান বলেন, গত এক সপ্তাহ ধরে বিরোধীরা বারবার একই কাজ করছেন। এই কারণে আমরা তিনটি কার্যদিবস হারিয়েছি। ক্রমবর্ধমান বিশৃঙ্খলার জেরে সোমবার সকাল ১১টা পর্যন্ত অধিবেশন মুলতবি করা হয়। অন্যদিকে, লোকসভার কার্যক্রমও প্রথমে দুপুর ১২টা পর্যন্ত এবং পরে সারাদিনের জন্য মুলতবি করা হয়। এদিন সকালে অধিবেশন শুরু হলে লোকসভার স্পিকার বলেন, সংসদ সুষ্ঠুভাবে চলছে এটা দেশের মানুষ দেখতে চায়।

রাজ্যে সাইবার থানাগুলির হাল হকিকত নিয়ে পূর্ণাঙ্গ রিপোর্ট তলব হাইকোর্টের

কলকাতা,২৯নভেম্বরঃএবার রাজ্যের সাইবার থানাগুলির হাল হকিকত নিয়ে পূর্ণাঙ্গ রিপোর্ট তলব করল হাইকোর্ট। সাইবার থানায় কর্মরত অফিসারদের কী ধরনের প্রশিক্ষণ দেওয়া হয়? থানাগুলিতে কী ধরনের পরিকাঠামো রয়েছে? তা নিয়ে রাজ্য পুলিসের ডিজিকে দু'সপ্তাহের মধ্যে বিস্তারিত রিপোর্ট জমা দিতে নির্দেশ দিয়েছেন বিচারপতি জয়মাল্য বাগচি ও বিচারপতি গৌরাঙ্গ কান্থের ডিভিশন বেঞ্চ। নদীয়ার মুরুটিয়া থানায় দায়ের হওয়া একটি মামলার সূত্রে এই রিপোর্ট তলব করেছে হাইকোর্ট। প্রসঙ্গত, ধর্ষণের পর এক মহিলার নগ্ন ছবি সোশ্যাল মিডিয়ায় আপলোড করার অভিযোগ ওঠে। সেই মামলায় সাইবার ক্রাইম থানা বাকি সব ধারা প্রয়োগ করলেও সাইবার অপরাধের কোনও ধারা প্রয়োগ করেনি। ফলে, অভিযুক্ত সহজেই জামিন পেয়ে গিয়েছেন। এরপরই হাইকোর্টে মামলা দায়ের হয়।কৃষ্ণনগর সাইবার থানার এহেন বেহাল দশা দেখে রীতিমতো হতাশা প্রকাশ করেন বিচারপতি বাগচি। শুনানিতে উপস্থিত আইসি'কে এজলাসেই ভর্ৎসনা করেন তিনি। বিচারপতি প্রশ্ন করেন, 'এমন ঘটনা যদি সাইবার অপরাধের ধারা সাইবার থানাই যুক্ত না করে, আর তার ফলে যদি অভিযুক্ত এভাবে জামিন পেয়ে যান, এর দায় কে নেবে?' বিচারপতি আরও বলেন, ' নাম দিয়ে নয়া যে বিশেষজ্ঞ (সাইবার) থানা তৈরি হল, তার হাল আর পাঁচটা সাধারণ থানার মতোই! নতুন থানা করে লাভ কী!' এরপরই রাজ্যের পুলিসকে কটাক্ষ করে বিচারপতির মন্তব্য, ' পরিবর্তন হয়েছে। উনবিংশ, বিংশ শতাব্দী পেরিয়ে গিয়েছে। কিন্তু এই রাজ্যের পুলিস এখনও সেই লাঠিই চেনে। সাইবার শব্দটাই জানে না।' এরপরই ডিজির কাছে রিপোর্ট তলব করে আদালত।

পুরুষদের জুনিয়র এশিয়া কাপ ২০২৪ঃ জাপানের বিরুদ্ধে ৩-২ গোলে জয় পেয়েছে ভারত

মাস্কট, ২৯ নভেম্বরঃবৃহস্পতিবার মাস্কটে জাপানের বিরুদ্ধে দ্বিতীয় জুনিয়র এশিয়া কাপ ম্যাচে ভারতীয় জুনিয়র পুরুষ হকি দল কঠিন লড়াইয়ে ৩-২ ব্যবধানে জয়লাভ করেছে।২ ম্যাচে ছয় পয়েন্ট নিয়ে জুনিয়র এশিয়া কাপের পুল এ-তে ভারত এগিয়ে আছে।থোকচম কিংসন সিং ভারতের হয়ে প্রথম গোলটি করেন এরপর জাপানের নিও সাতো গোল করে জাপানকে সমতায় ফেরান।দ্বিতীয়ার্ধে রোহিত

সম্ভল-কাণ্ডে তদন্ত কমিটি উত্তর প্রদেশ সরকারের

লখনউ, ২৯ নভেম্বর ঃ সম্ভলে হিংসার ঘটনায় বিচার বিভাগীয় তদন্ত করার সিদ্ধান্ত নিয়েছে উত্তর প্রদেশের যোগী আদিত্যনাথ সরকার। শাহি জামা মসজিদে আদালতের সমীক্ষার নির্দেশ ঘিরে অশান্তি ও মৃত্যুর ঘটনার তদন্তে তিন সদস্যের কমিটি গড়ল উত্তর প্রদেশ সরকার। অবসরপ্রাপ্ত বিচারপতি দেবেন্দ্র কুমার অরোরা এই তদন্ত কমিটির নেতৃত্ব দেবেন। কমিটি দুই মাসের মধ্যে সরকারের কাছে তদন্ত করে প্রতিবেদন জমা দেবে।জানা গিয়েছে, বিচারপতি দেবেন্দ্র কুমার অরোরা ছাড়াও কমিটিতে রয়েছেন অবসরপ্রাপ্ত আইএএস অমিত মোহন প্রসাদ এবং প্রাক্তন ডিজিপি এ কে জৈন। সম্ভলের জামা মসজিদ সমীক্ষা করতে যাওয়া দলটির জন্য জেলা প্রশাসন ও পুলিশ কী ব্যবস্থা করেছিল তাও খতিয়ে দেখা হবে। ভবিষ্যতে যাতে এই ধরনের ঘটনা না ঘটে তার জন্য কী করা যেতে পারে, সেই বিষয়েও কমিটির কাছে পরামর্শ চাওয়া হয়েছে।উল্লেখ্য, ২৪ নভেম্বর উত্তর প্রদেশের সম্ভলে জামা মসজিদের সমীক্ষা চলাকালীন একটি বিশেষ সম্প্রদায়ের লোকজন বিপুল সংখ্যায়

শিবলক্ষ্মী এক্সপোর্টস লিমিটেড

সিনঃ ইউ৪৬১০৯ডব্লু১৯৮১পিএলসি০৩৩৯৭৯
রেজিঃ অফিস-৩১৩১৩ এবং ৩১৪, শ্রীমা কমপ্লেক্স, ২য় তলা বজবজ ট্রাঙ্ক রোড,জলকাল, মহেশতলা, কলকাতা, পশ্চিমবঙ্গ, ভারত, ৭০০১৪১
ইমেইল আইডিঃshivlaxmi_102@yahoo.com

অসাধারন সাধারণ সভার বিজ্ঞপ্তি, ই-ভোটিং এবং বই বন্ধ

এতদ্বারা বিজ্ঞপ্তি দেওয়া হল যে শিবলক্ষ্মী এক্সপোর্টস লিমিটেডের (কোম্পানি) সদস্যদের অতিরিক্ত সাধারণ সভা (ইজিএম) সোমবার, ২৩ ডিসেম্বর, ২০২৪ তারিখে নিবন্ধিত অফিসে ০৫.০০ টায় এ অনুষ্ঠিত হওয়ার কথা রয়েছে। কোম্পানির এফ৩১৩১৩ এবং ৩১৪, শ্রীমা কমপ্লেক্স, ২য় তলা, বাজেট ট্রাঙ্ক রোড, জালকাল, মহেশতলা, কলকাতা, পশ্চিমবঙ্গ, ভারত, ৭০০১৪১ কোম্পানির ইজিএম আহ্বানের বিজ্ঞপ্তিতে নির্ধারিত ব্যবসায় লেনদেন করার জন্য।
নিম্নলিখিত পদ্ধতিতে ডিপোজিটরি থেকে প্রাপ্ত সুবিধাভোগীদের তালিকা
ক. যে সদস্যরা তাদের ইমেল আইডি নিবন্ধন করেছেন তাদের ইমেলের মাধ্যমে
খ. অন্যান্য সদস্যদের পোস্টের মাধ্যমে যারা তাদের ইমেল আইডি নিবন্ধন করেননি। কোম্পানি আইন, ২০১৩ এর ধারা ১০৮ এর পরিপ্রেক্ষিতে ('অ্যাক্ট') কোম্পানি (ম্যানেজমেন্ট অ্যান্ড অ্যাডমিনিস্ট্রেশন) বিধিমালা, ২০১৪-এর বিধি ২০, এবং সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ বোর্ড অফ ইন্ডিয়া (লিস্টিং বাধ্যবাধকতা) এর রেগুলেশন ৪৪ এর সাথে পড়া হয়েছে এবং প্রকাশের প্রয়োজনীয়তা) প্রবিধান, ২০১৫ ('তালিকা রেগুলেশন') এবং সেক্রেটারিয়াল স্ট্যান্ডার্ড অন জেনারেল মিটিংস (এসএস২) ইনস্টিটিউট অফ কোম্পানি সেক্রেটারি অফ ইন্ডিয়া দ্বারা জারি করা, কোম্পানি তার সদস্যদের ইলেকট্রনিক উপায়ে তাদের ভোট দেওয়ার অধিকার প্রয়োগ করার সুবিধা প্রদান করছে সেন্ট্রাল ডিপোজিটরি সার্ভিসেস (ইন্ডিয়া) লিমিটেডের (সিডিএসএল) ই-ভোটিং পরিষেবার মাধ্যমে কোম্পানির ইজিএম (রিমোট ই-ভোটিং) আহ্বান করার বিজ্ঞপ্তি। এই আইন এবং বিধি অনুসারে বিশদ বিবরণ নিম্নরূপ
ক) শেয়ার ধারণকারী সদস্যরা হয় ফিজিক্যাল আকারে বা ডিমেটেরিয়ালাইজড আকারে এবং যাদের নাম সদস্যদের রেজিস্টারে বা ডিপোজিটরিদের দ্বারা রক্ষণাবেক্ষণ করা সুবিধাভোগী মালিকদের রেজিস্টারে লিপিবদ্ধ করা আছে, যেমন কাট-অফ তারিখে, অর্থাৎ ১৬ ডিসেম্বর, ২০২৪ (' যোগ্য সদস্যদের'),
খ) দূরবর্তী ই-ভোটিং এবং সেইসাথে অনুষ্ঠিত ভোটের মাধ্যমে তাদের ভোট দেওয়ার অধিকার প্রয়োগ করার অধিকারী হবে কোম্পানির ইজিএম আহ্বানকারী বিজ্ঞপ্তিতে উল্লেখিত যেকোনো বা সমস্ত ব্যবসার (ইজিএমজে) দূরবর্তী ই-ভোটিং শুরু হবে শুক্রবার, ২০ ডিসেম্বর, ২০২৪ সকাল ০৯.০০ এ
গ) দূরবর্তী ই-ভোটিং ২২ ডিসেম্বর, ২০২৪ রবিবার বিকেল ০৫.০০ টায় শেষ হবে
ঘ) এর পরে ভোট দেওয়ার জন্য দূরবর্তী ই-ভোটিং মডিউলটি নিষ্ক্রিয় .করা হবে এবং তারপরে ইলেকট্রনিক মাধ্যমে ভোট দেওয়ার অনুমতি দেওয়া হবে না। একজন সদস্যের দ্বারা একটি প্রস্তাবের উপর ভোট দেওয়া হলে, সদস্যকে পরবর্তীতে এটি পরিবর্তন করার অনুমতি দেওয়া হবে না
ঙ) সদস্যরা মনে রাখতে পারেন যে ব্যালট পেপারের মাধ্যমে ভোট দেওয়ার সুবিধাটি ইজিএম-এ উপলব্ধ করা হবে এবং সভায় উপস্থিত সদস্যরা যারা দূরবর্তী ইভোটিঙের মাধ্যমে তাদের ভোট দেননি তারা ব্যালট পেপারের মাধ্যমে সভায় তাদের অধিকার প্রয়োগ করতে সক্ষম হবেন একজন সদস্য দূরবর্তী ই-ভোটিংয়ের মাধ্যমে ভোট দেওয়ার অধিকার প্রয়োগ করার পরেও ইজিএম-এ অংশগ্রহণ করতে পারেন কিন্তু ইজিএম-এ ভোট দেওয়ার অনুমতি দেওয়া হবে না।
চ) যদি একজন ব্যক্তি ইএমজি নোটিশ পাঠানোর পরে কিন্তু কাট-অফ তারিখে বা তার আগে কোম্পানির সদস্য হন-অর্থাৎ ১৬ ডিসেম্বর, ২০২৪, helpdesk.evoting(Stcdslindia.com. এ অনুরোধ পাঠিয়ে লগইন আইডি এবং পাসওয়ার্ড পেতে পারে।
ছ) একজন ব্যক্তি, যার নাম সদস্যদের রেজিস্টারে বা ডিপোজিটরি দ্বারা রক্ষণাবেক্ষণ করা সুবিধাভোগী মালিকদের রেজিস্টারে শুধুমাত্র কাট-অফ তারিখে লিপিবদ্ধ করা হয়েছে, তিনি দূরবর্তী ই-ভোটিংয়ের সুবিধা পাওয়ার অধিকারী হবেন এবং সেইসাথে ভোট দেওয়ার অধিকার পাবেন। ব্যালট পেপারের মাধ্যমে ইজিএম।
জ) কোনো প্রশ্নের ক্ষেত্রে, আপনি সদস্যদের জন্য প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্ন(এফএকিউএস) এবং http://www.evoting.com-এর ডাউনলোড বিভাগে উপলব্ধ সদস্যদের জন্য ই-ভোটিং ব্যবহারকারী ম্যানুয়াল দেখতে পারেন অথবা শ্রী জয় রাম সিং-এর সাথে যোগাযোগ করুন , f) shivlaxmi_102@yahoo.com. এ ব্যবস্থাপনা পরিচালক।
ঝ) সুষ্ঠু ও স্বচ্ছ পদ্ধতিতে রিমোট ই-ভোটিং এবং ইন্সটা পোল প্রক্রিয়ার মাধ্যমে ভোটের যাচাই-বাছাই করার জন্য পরিচালনা পর্ষদ শ্রী আকাশ গোয়েল, প্র্যাকটিসিং কোম্পানি সেক্রেটারিকে একজন স্ক্রুটিনিজার হিসেবে নিযুক্ত করেছেন।
ঞ) ইজিএম-এর উদ্দেশ্যে কোম্পানির সদস্যদের নিবন্ধন এবং শেয়ার স্থানান্তর বই মঙ্গলবার, ১৭ ডিসেম্বর, ২০২৪ থেকে সোমবার, ২৩ ডিসেম্বর, ২০২৪ (উভয় দিন সহ) পর্যন্ত বন্ধ থাকবে। সদস্যরা দূরবর্তী ই-ভোটিংয়ের বিস্তারিত প্রক্রিয়া এবং পদ্ধতির জন্য ইজিএম-এর বিজ্ঞপ্তির মধ্য দিয়ে যেতে পারেন। ইলেকট্রনিক ভোটিং এর সাথে যুক্ত কোম্পানির সদস্যদের যেকোন অভিযোগ বা প্রশ্ন উপরে দেওয়া বিশদ অনুযায়ী সমাধান করা যেতে পারে। ইজিএম আহ্বান করার বিজ্ঞপ্তি এবং অন্যান্য প্রাসঙ্গিক নথি কোম্পানির ওয়েবসাইট www.shivlaxmi.in এবং সিডিএসএল-এর ওয়েবসাইটে পাওয়া যাবে www.evotingindia.com.

বোর্ডের আদেশে
শিবলক্ষ্মী এক্সপোর্টস লিমিটেডের জন্য
সাক্ষর-(মলয় কুমার পল)
তারিখঃ ২৯.১১.২০২৪
স্থানঃ পশ্চিমবঙ্গ
ব্যবস্থাপনা পরিচালক

সুপার ফাইন্যান্স লিমিটেড

সিন ঃ ইউ৪৬১০৯ডব্লুবি১৯৭২পিএলসি০২৮২৫৫৭
রেজিড. অফিস ঃ ৩১৩১৩ এবং ৩১৪, শ্রীমা কমপ্লেক্স, ২য় তলা বজবজ ট্রাঙ্ক রোড,জলকাল, মহেশতলা, কলকাতা, পশ্চিমবঙ্গ, ভারত, ৭০০১৪১
ইমেইল আইডিঃ superfin102@rediffmail.com

অসাধারন সাধারণ সভার বিজ্ঞপ্তি ই-ভোটিং এবং বই বন্ধ

এতদ্বারা বিজ্ঞপ্তি দেওয়া হল যে সুপার ফাইন্যান্স লিমিটেড (কোম্পানি) এর সদস্যদের অতিরিক্ত সাধারণ সভা (ইজিএম) সোমবার, ২৩ ডিসেম্বর, ২০২৪ তারিখে নিবন্ধিত অফিসে ০৩.০০ টায় এ অনুষ্ঠিত হওয়ার কথা রয়েছে কোম্পানির এফ ৩৩ / ১৩ এবং ৩১৪, শ্রীমা কমপ্লেক্স, ২য় তলা বজবজ ট্রাঙ্ক রোড, জলকল, মহেশতলা, কলকাতা, পশ্চিমবঙ্গ, ভারত, ৭০০১৪১ কোম্পানির ইজিএম আহ্বানকারী বিজ্ঞপ্তিতে নির্ধারিত ব্যবসায় লেনদেনের জন্য।
নিম্নলিখিত পদ্ধতিতে ডিপোজিটরি থেকে প্রাপ্ত সুবিধাভোগীদের তালিকা
ক. যে সদস্যরা তাদের ইমেল আইডি নিবন্ধন করেছেন তাদের ইমেলের মাধ্যমে
খ. অন্যান্য সদস্যদের পোস্টের মাধ্যমে যারা তাদের ইমেল আইডি নিবন্ধন করেননি। কোম্পানি আইন, ২০১৩ এর ধারা ১০৮ এর পরিপ্রেক্ষিতে ('অ্যাক্ট') কোম্পানি (ম্যানেজমেন্ট অ্যান্ড অ্যাডমিনিস্ট্রেশন) বিধিমালা, ২০১৪-এর বিধি ২০, এবং সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ বোর্ড অফ ইন্ডিয়া (লিস্টিং বাধ্যবাধকতা) এর রেগুলেশন ৪৪ এর সাথে পড়া হয়েছে এবং প্রকাশের প্রয়োজনীয়তা) প্রবিধান, ২০১৫ ('তালিকা রেগুলেশন') এবং সেক্রেটারিয়াল স্ট্যান্ডার্ড অন জেনারেল মিটিংস (এসএস২) ইনস্টিটিউট অফ কোম্পানি সেক্রেটারি অফ ইন্ডিয়া দ্বারা জারি করা, কোম্পানি তার সদস্যদের ইলেকট্রনিক উপায়ে তাদের ভোট দেওয়ার অধিকার প্রয়োগ করার সুবিধা প্রদান করছে সেন্ট্রাল ডিপোজিটরি সার্ভিসেস (ইন্ডিয়া) লিমিটেডের (সিডিএসএল) ই-ভোটিং পরিষেবার মাধ্যমে কোম্পানির ইজিএম (রিমোট ই-ভোটিং) আহ্বান করার বিজ্ঞপ্তি। এই আইন এবং বিধি অনুসারে বিশদ বিবরণ নিম্নরূপ
ক) শেয়ার ধারণকারী সদস্যরা হয় ফিজিক্যাল আকারে বা ডিমেটেরিয়ালাইজড আকারে এবং যাদের নাম সদস্যদের রেজিস্টারে বা ডিপোজিটরিদের দ্বারা রক্ষণাবেক্ষণ করা সুবিধাভোগী মালিকদের রেজিস্টারে লিপিবদ্ধ করা আছে, যেমন কাট-অফ তারিখে, অর্থাৎ ১৬ ডিসেম্বর, ২০২৪ (' যোগ্য সদস্যদের'),
খ) দূরবর্তী ই-ভোটিং এবং সেইসাথে অনুষ্ঠিত ভোটের মাধ্যমে তাদের ভোট দেওয়ার অধিকার প্রয়োগ করার অধিকারী হবে কোম্পানির ইজিএম আহ্বানকারী বিজ্ঞপ্তিতে উল্লেখিত যেকোনো বা সমস্ত ব্যবসার (ইজিএমজে) দূরবর্তী ই-ভোটিং শুরু হবে শুক্রবার, ২০ ডিসেম্বর, ২০২৪ সকাল ০৯.০০ এ
গ) দূরবর্তী ই-ভোটিং ২২ ডিসেম্বর, ২০২৪ রবিবার বিকেল ০৫.০০ টায় শেষ হবে
ঘ) এর পরে ভোট দেওয়ার জন্য দূরবর্তী ই-ভোটিং মডিউলটি নিষ্ক্রিয় .করা হবে এবং তারপরে ইলেকট্রনিক মাধ্যমে ভোট দেওয়ার অনুমতি দেওয়া হবে না। একজন সদস্যের দ্বারা একটি প্রস্তাবের উপর ভোট দেওয়া হলে, সদস্যকে পরবর্তীতে এটি পরিবর্তন করার অনুমতি দেওয়া হবে না
ঙ) সদস্যরা মনে রাখতে পারেন যে ব্যালট পেপারের মাধ্যমে ভোট দেওয়ার সুবিধাটি ইজিএম-এ উপলব্ধ করা হবে এবং সভায় উপস্থিত সদস্যরা যারা দূরবর্তী ইভোটিঙের মাধ্যমে তাদের ভোট দেননি তারা ব্যালট পেপারের মাধ্যমে সভায় তাদের অধিকার প্রয়োগ করতে সক্ষম হবেন একজন সদস্য দূরবর্তী ই-ভোটিংয়ের মাধ্যমে ভোট দেওয়ার অধিকার প্রয়োগ করার পরেও ইজিএম-এ অংশগ্রহণ করতে পারেন কিন্তু ইজিএম-এ ভোট দেওয়ার অনুমতি দেওয়া হবে না।
চ) যদি একজন ব্যক্তি ইএমজি নোটিশ পাঠানোর পরে কিন্তু কাট-অফ তারিখে বা তার আগে কোম্পানির সদস্য হন-অর্থাৎ ১৬ ডিসেম্বর, ২০২৪, helpdesk.evoting(a7cdslindia.com) এ অনুরোধ পাঠিয়ে লগইন আইডি এবং পাসওয়ার্ড পেতে পারে।
ছ) একজন ব্যক্তি, যার নাম সদস্যদের রেজিস্টারে বা ডিপোজিটরি দ্বারা রক্ষণাবেক্ষণ করা সুবিধাভোগী মালিকদের রেজিস্টারে শুধুমাত্র কাট-অফ তারিখে লিপিবদ্ধ করা হয়েছে, তিনি দূরবর্তী ই-ভোটিংয়ের সুবিধা পাওয়ার অধিকারী হবেন এবং সেইসাথে ভোট দেওয়ার অধিকার পাবেন। ব্যালট পেপারের মাধ্যমে ইজিএম।
জ) কোনো প্রশ্নের ক্ষেত্রে, আপনি সদস্যদের জন্য প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্ন(এফএকিউএস) এবং http:www.evoting.com-এর ডাউনলোড বিভাগে উপলব্ধ সদস্যদের জন্য ই-ভোটিং ব্যবহারকারী ম্যানুয়াল দেখতে পারেন অথবা শ্রী জয় রাম সিং-এর সাথে যোগাযোগ করুন , ঢঞ্চত্ত্বণত্মতডণর্ণঠ৮ন্তব্রজ্ঞঞ্চণ.ঝণডড এ ব্যবস্থাপনা পরিচালক।
ঝ) সুষ্ঠু ও স্বচ্ছ পদ্ধতিতে রিমোট ই-ভোটিং এবং ইন্সটা পোল প্রক্রিয়ার মাধ্যমে ভোটের যাচাই-বাছাই করার জন্য পরিচালনা পর্ষদ শ্রী আকাশ গোয়েল, প্র্যাকটিসিং কোম্পানি সেক্রেটারিকে একজন স্ক্রুটিনিজার হিসেবে নিযুক্ত করেছেন।
ঞ) ইজিএম-এর উদ্দেশ্যে কোম্পানির সদস্যদের নিবন্ধন এবং শেয়ার স্থানান্তর বই মঙ্গলবার, ১৭ ডিসেম্বর, ২০২৪ থেকে সোমবার, ২৩ ডিসেম্বর, ২০২৪ (উভয় দিন সহ) পর্যন্ত বন্ধ থাকবে। সদস্যরা দূরবর্তী ই-ভোটিংয়ের বিস্তারিত প্রক্রিয়া এবং পদ্ধতির জন্য ইজিএম-এর বিজ্ঞপ্তির মধ্য দিয়ে যেতে পারেন। ইলেকট্রনিক ভোটিং এর সাথে যুক্ত কোম্পানির সদস্যদের যেকোন অভিযোগ বা প্রশ্ন উপরে দেওয়া বিশদ অনুযায়ী সমাধান করা যেতে পারে। ইজিএম আহ্বান করার বিজ্ঞপ্তি এবং অন্যান্য প্রাসঙ্গিক নথি কোম্পানির ওয়েবসাইট www.newoutlook.in এবং সিডিএসএল-এর ওয়েবসাইটে পাওয়া যাবে www.evotingindia.com..

বোর্ডের আদেশে
সুপার ফাইন্যান্স লিমিটেডের জন্য
সাক্ষর -(মলয় কুমার পল)
তারিখঃ ২৯.১১.২০২৪ ব্যবস্থাপনা পরিচালক
স্থানঃ পশ্চিমবঙ্গ স্থানঃপশ্চিমবঙ্গের

নিউ আউটলুক সিকিউরিটিজ লিমিটেড

সিন ঃ ইউ৪৬১০৯ডব্লুবি১৯৮২পিএলসি০৩৫৩২৪
রেজিড. অফিলঃ ২৪২১১, নেতাজি সুভাষ রোড ১ম তলা, ফ্ল্যাট নং ১০২, হাওড়া, হাওড়া,পশ্চিমবঙ্গ, ভারত, ৭১১১০১,
ইমেল আইডিঃ newoutlook8@yahoo.com

অসাধারন সাধারণ সভার বিজ্ঞপ্তি, ই-ভোটিং এবং বই বন্ধ

এতদ্বারা বিজ্ঞপ্তি দেওয়া হল যে নিউ আউটলুক সিকিউরিটিজ লিমিটেডের (কোম্পানী) সদস্যদের অতিরিক্ত সাধারণ সভা (ইজিএম) সোমবার, ২৩ ডিসেম্বর, ২০২৪ তারিখে নিবন্ধিত স্থানে বিকাল ০৪.০০ টায় অনুষ্ঠিত হতে চলেছে। কোম্পানির অফিস ২৪২১, নেতাজি সুভাষ রোড ১ম তলা, ফ্ল্যাট নং ১০২, হাওড়া, পশ্চিমবঙ্গ, ভারত, ৭১১১০১ কোম্পানির ইজিএম আহ্বান করার বিজ্ঞপ্তিতে নির্ধারিত ব্যবসায় লেনদেনের জন্য। উপস্থিতি স্লিপ এবং প্রক্সি ফর্ম সহ দূরবর্তী ই-ভোটিংয়ের প্রক্রিয়া এবং পদ্ধতি নির্দেশ করে ইজিএম-এর নোটিশটি ২৯ নভেম্বর, ২০২৪ শুক্রবার, সদস্যদের রেজিস্টারে উপস্থিত সদস্যদের কাছে সম্পূর্ণ হয়েছে।
নিম্নলিখিত পদ্ধতিতে ডিপোজিটরি থেকে প্রাপ্ত সুবিধাভোগীদের তালিকা
ক. যে সদস্যরা তাদের ইমেল আইডি নিবন্ধন করেছেন তাদের ইমেলের মাধ্যমে
খ. অন্যান্য সদস্যদের পোস্টের মাধ্যমে যারা তাদের ইমেল আইডি নিবন্ধন করেননি। কোম্পানি আইন, ২০১৩ এর ধারা ১০৮ এর পরিপ্রেক্ষিতে ('অ্যাক্ট') কোম্পানি (ম্যানেজমেন্ট অ্যান্ড অ্যাডমিনিস্ট্রেশন) বিধিমালা, ২০১৪-এর বিধি ২০, এবং সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ বোর্ড অফ ইন্ডিয়া (লিস্টিং বাধ্যবাধকতা) এর রেগুলেশন ৪৪ এর সাথে পড়া হয়েছে এবং প্রকাশের প্রয়োজনীয়তা) প্রবিধান, ২০১৫ ('তালিকা রেগুলেশন') এবং সেক্রেটারিয়াল স্ট্যান্ডার্ড অন জেনারেল মিটিংস (এসএস২) ইনস্টিটিউট অফ কোম্পানি সেক্রেটারি অফ ইন্ডিয়া দ্বারা জারি করা, কোম্পানি তার সদস্যদের ইলেকট্রনিক উপায়ে তাদের ভোট দেওয়ার অধিকার প্রয়োগ করার সুবিধা প্রদান করছে সেন্ট্রাল ডিপোজিটরি সার্ভিসেস (ইন্ডিয়া) লিমিটেডের (সিডিএসএল) ই-ভোটিং পরিষেবার মাধ্যমে কোম্পানির ইজিএম (রিমোট ই-ভোটিং) আহ্বান করার বিজ্ঞপ্তি। এই আইন এবং বিধি অনুসারে বিশদ বিবরণ নিম্নরূপ
ক) শেয়ার ধারণকারী সদস্যরা হয় ফিজিক্যাল আকারে বা ডিমেটেরিয়ালাইজড আকারে এবং যাদের নাম সদস্যদের রেজিস্টারে বা ডিপোজিটরিদের দ্বারা রক্ষণাবেক্ষণ করা সুবিধাভোগী মালিকদের রেজিস্টারে লিপিবদ্ধ করা আছে, যেমন কাট-অফ তারিখে, অর্থাৎ ১৬ ডিসেম্বর, ২০২৪ (' যোগ্য সদস্যদের'),
খ) দূরবর্তী ই-ভোটিং এবং সেইসাথে অনুষ্ঠিত ভোটের মাধ্যমে তাদের ভোট দেওয়ার অধিকার প্রয়োগ করার অধিকারী হবে কোম্পানির ইজিএম আহ্বানকারী বিজ্ঞপ্তিতে উল্লেখিত যেকোনো বা সমস্ত ব্যবসার (ইজিএমজে) দূরবর্তী ই-ভোটিং শুরু হবে শুক্রবার, ২০ ডিসেম্বর, ২০২৪ সকাল ০৯.০০ এ
গ) দূরবর্তী ই-ভোটিং ২২ ডিসেম্বর, ২০২৪ রবিবার বিকেল ০৫.০০ টায় শেষ হবে
ঘ) এর পরে ভোট দেওয়ার জন্য দূরবর্তী ই-ভোটিং মডিউলটি নিষ্ক্রিয় .করা হবে এবং তারপরে ইলেকট্রনিক মাধ্যমে ভোট দেওয়ার অনুমতি দেওয়া হবে না। একজন সদস্যের দ্বারা একটি প্রস্তাবের উপর ভোট দেওয়া হলে, সদস্যকে পরবর্তীতে এটি পরিবর্তন করার অনুমতি দেওয়া হবে না
ঙ) সদস্যরা মনে রাখতে পারেন যে ব্যালট পেপারের মাধ্যমে ভোট দেওয়ার সুবিধাটি ইজিএম-এ উপলব্ধ করা হবে এবং সভায় উপস্থিত সদস্যরা যারা দূরবর্তী ইভোটিঙের মাধ্যমে তাদের ভোট দেননি তারা ব্যালট পেপারের মাধ্যমে সভায় তাদের অধিকার প্রয়োগ করতে সক্ষম হবেন একজন সদস্য দূরবর্তী ই-ভোটিংয়ের মাধ্যমে ভোট দেওয়ার অধিকার প্রয়োগ করার পরেও ইজিএম-এ অংশগ্রহণ করতে পারেন কিন্তু ইজিএম-এ ভোট দেওয়ার অনুমতি দেওয়া হবে না।
চ) যদি একজন ব্যক্তি ইএমজি নোটিশ পাঠানোর পরে কিন্তু কাট-অফ তারিখে বা তার আগে কোম্পানির সদস্য হন-অর্থাৎ ১৬ ডিসেম্বর, ২০২৪, helpdesk.evoting(a7cdslindia.com) এ অনুরোধ পাঠিয়ে লগইন আইডি এবং পাসওয়ার্ড পেতে পারে।
ছ) একজন ব্যক্তি, যার নাম সদস্যদের রেজিস্টারে বা ডিপোজিটরি দ্বারা রক্ষণাবেক্ষণ করা সুবিধাভোগী মালিকদের রেজিস্টারে শুধুমাত্র কাট-অফ তারিখে লিপিবদ্ধ করা হয়েছে, তিনি দূরবর্তী ই-ভোটিংয়ের সুবিধা পাওয়ার অধিকারী হবেন এবং সেইসাথে ভোট দেওয়ার অধিকার পাবেন। ব্যালট পেপারের মাধ্যমে ইজিএম।
জ) কোনো প্রশ্নের ক্ষেত্রে, আপনি সদস্যদের জন্য প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্ন (FAQs) এবং http:www.evoting.com-এর ডাউনলোড বিভাগে উপলব্ধ সদস্যদের জন্য ই-ভোটিং ব্যবহারকারী ম্যানুয়াল দেখতে পারেন অথবা শ্রী জয় রাম সিং-এর সাথে যোগাযোগ করুন , newoutlook8@yahoo.com এ ব্যবস্থাপনা পরিচালক।
ঝ) সুষ্ঠু ও স্বচ্ছ পদ্ধতিতে রিমোট ই-ভোটিং এবং ইন্সটা পোল প্রক্রিয়ার মাধ্যমে ভোটের যাচাই-বাছাই করার জন্য পরিচালনা পর্ষদ শ্রী আকাশ গোয়েল, প্র্যাকটিসিং কোম্পানি সেক্রেটারিকে একজন স্ক্রুটিনিজার হিসেবে নিযুক্ত করেছেন।
ঞ) ইজিএম-এর উদ্দেশ্যে কোম্পানির সদস্যদের নিবন্ধন এবং শেয়ার স্থানান্তর বই মঙ্গলবার, ১৭ ডিসেম্বর, ২০২৪ থেকে সোমবার, ২৩ ডিসেম্বর, ২০২৪ (উভয় দিন সহ) পর্যন্ত বন্ধ থাকবে।
সদস্যরা দূরবর্তী ই-ভোটিংয়ের বিস্তারিত প্রক্রিয়া এবং পদ্ধতির জন্য ইজিএম-এর বিজ্ঞপ্তির মধ্য দিয়ে যেতে পারেন। ইলেকট্রনিক ভোটিং এর সাথে যুক্ত কোম্পানির সদস্যদের যেকোন অভিযোগ বা প্রশ্ন উপরে দেওয়া বিশদ অনুযায়ী সমাধান করা যেতে পারে। ইজিএম আহ্বান করার বিজ্ঞপ্তি এবং অন্যান্য প্রাসঙ্গিক নথি কোম্পানির ওয়েবসাইট www.newoutlook.in এবং সিডিএসএল-এর ওয়েবসাইটে পাওয়া যাবে www.evotingindia.com.

বোর্ডের আদেশে
নিউ আউটলুক সিকিউরিটিজ লিমিটেডের জন্য
সাক্ষর-
তারিখঃ ২৯.১১.২০২৪ (জয় রাম সিং)ব্যবস্থাপনা পরিচালক
স্থানঃ পশ্চিমবঙ্গ

IIFL FINANCE

CIN: L67100MH1995PLC093797
Regd. Office: IIFL House, Sun Infotech Park, Road No. 16V, Plot No.B-23, Thane Industrial Area, Wagle Estate, Thane - 400604
Tel: (91-22) 41035000 • Fax: (91-22) 25806654
E-mail: reach@iifl.com • Website: www.iifl.com

সোনার অলঙ্কারের ই-অকশন-এর পাবলিক নোটিশ

এতদ্বারা সকল সুনির্দিষ্টভাবে সংশ্লিষ্ট ঋণগ্রহীতাদের এবং সাধারণভাবে সকল জনসাধারণকে অবহিত করা হচ্ছে যে, আমরা, আইআইএফএল ফাইন্যান্স লিমিটেড (''আইআইএফএল'') সেইসব ডিফল্ট গ্রাহকদের সোনার অলঙ্কার নিলাম করছি যারা বারবার নোটিস ও রিমাইন্ডার পাঠানোর পরেও তাদের লোন রেগুলারাইজ করেননি বা বকেয়া অর্থ পরিশোধ করেননি। নিম্নোক্ত লোন অ্যাকাউন্টে বন্ধক রাখা সোনার অলঙ্কারগুলির সর্বজনীন নিলাম **শ্রীরাম অটোমল ইন্ডিয়া লিমিটেড** এর মাধ্যমে তাদের অনলাইন নিলাম প্ল্যাটফর্ম **https://gold.samil.in** এর মাধ্যমে **05.12.2024 তারিখে দুপুর 2 টে থেকে বিকাল 5টার মধ্যে** এর মধ্যে পরিচালিত হবে। স্থান বা তারিখের পরিবর্তন (যদি থাকে) নিলাম কেন্দ্রে প্রদর্শিত হবে। যদি কোনো কারণবশত এখানে উল্লিখিত তারিখে ই-নিলাম অনুষ্ঠিত হতে না পারে বা যদি নিলাম একই দিনে সম্পূর্ণ হতে না পারে, তাহলে আইআইএফএল নিলাম প্ল্যাটফর্মে পরবর্তী যেকোনো তারিখে এবং / অথবা নিলাম কেন্দ্রে একই শর্তাবলী সহ উল্লিখিত নিলাম পরিচালনা করার বা নিলাম সম্পন্ন করার অধিকার সংরক্ষণ করে। নিলাম না হওয়া সোনার অলঙ্কারগুলি নিলাম প্ল্যাটফর্ম এবং / অথবা নিলাম কেন্দ্রে বিশদ বিবরণ প্রদর্শনের পর পরবর্তী কার্যদিবসে নিলাম করা হবে। যদি শাখা পর্যায়ে নিলাম করা না যায়, তাহলে নির্দিষ্ট জেলা কেন্দ্রে জেলা পর্যায়ে আর কোনো বিজ্ঞপ্তি ছাড়াই **16.12.2024** এ পুনরায় নিলাম করা হবে। যদি কোনো কারণবশত এখানে উল্লিখিত তারিখে ই-নিলাম অনুষ্ঠিত হতে না পারে বা যদি নিলাম একই দিনে সম্পূর্ণ হতে না পারে, তাহলে আইআইএফএল পরবর্তী যেকোনো তারিখে এবং / অথবা নিলাম কেন্দ্রে একই শর্তাবলী সহ উল্লিখিত নিলাম পরিচালনা করার বা নিলাম সম্পন্ন করার অধিকার সংরক্ষণ করে। গ্রাহক যদি জীবিত না থাকেন, সেক্ষেত্রে নিলাম সংক্রান্ত সমস্ত শর্ত মনোনীত / আইনগত উত্তরাধিকারীর ক্ষেত্রে প্রযোজ্য হবে।

জেলা কেন্দ্র: **হুগলি-ব্যান্ডেল স্ট্রিট রোড - আইআইএফএল ফাইন্যান্স লিমিটেড, ব্যান্ডেল স্ট্রিট রোড, ব্যান্ডেল পাঞ্জাবি পাড়া, পো-ব্যান্ডেল, নিচতলা, জেলা- হুগলি, পিন- 712123**

শাখার নাম: হুগলি-আরামবাগ, তালুকা - আরামবাগ
গোল্ড লোন অ্যাকাউন্ট নম্বর: GL16222072, GL18102597, GL18345686, GL22890655, GL22953393, GL22953831, GL23112120, GL23114395, GL23115710, GL23150064, GL23167740, GL23178269, GL23181176, GL23939791, GL25690114, GL25996232, GL28282660, GL28680497, GL28680949, GL29804758, GL29819800, GL29827045, GL29846775, GL29854332, GL29872055, GL29886667, GL29888101, GL29902945, GL29903197, GL29912090, GL29919907, GL29928962, GL29929613, GL29939647, GL29958481, GL29992526, GL30008368, GL30095761, GL30112026, GL30125365, GL30127767, GL30140385, GL30141102, GL30144974, GL30147182, GL30160912, GL30161155, GL30196068, GL30211278, GL30272770, GL30306682, GL30321405, GL30358592, GL30365625, GL30370543, GL30378688, GL30523994, GL30532653, GL30542641, GL30840965, GL31037545, GL31125146, GL31145043, GL31909448, GL31931878, GL31943824, GL31962855, GL32211134, GL32231241, GL32241481, GL32359911, GL32485024, GL32786712, GL33361049, GL33778043, GL33779043, GL33795831, GL33831931, GL34014031, GL34036493, GL34065289, GL34068188, GL34173589, GL34257028, GL34305009.

শাখার নাম: হুগলি-বৈদ্যবাটি জিএল, তালুকা - সিঙ্গুর
গোল্ড লোন অ্যাকাউন্ট নম্বর: GL22855795, GL22945748, GL23018071, GL23038393, GL23094778, GL23420179, GL24015281, GL29390054, GL29412265, GL29911350, GL29930836, GL29938171, GL29958634, GL29990537, GL30007985, GL30070606, GL30083828, GL30117299, GL30146020, GL30160611, GL30261519, GL30276102, GL30358713, GL30359294, GL31152314, GL31172575, GL31713831, GL31729975, GL31743772, GL31753890, GL31801870, GL32061819, GL33732447, GL33946884, GL33969565, GL34100060, GL34192898, GL34217298, GL34256496, GL34261618.

শাখার নাম: হুগলি-ব্যান্ডেল স্ট্রিট রোড, তালুকা - ব্যান্ডেল
গোল্ড লোন অ্যাকাউন্ট নম্বর: GL22960415, GL23048540, GL23136987, GL23161114, GL23164650, GL23191383, GL23343560, GL23900228, GL26978152, GL27169163, GL28349124, GL29418280, GL29589832, GL30021636, GL30037621, GL30054489, GL30169753, GL30335178, GL30556438, GL30861744, GL31690768, GL31911245, GL31933422, GL32058516, GL32332607, GL33695332, GL33749484, GL33773283, GL33929332, GL33946779, GL33953593, GL33970356, GL33975102, GL34143043, GL34165101, GL34186763, GL34305875, GL34306714.

সত্যজিৎ রায় পরিচালিত 'চারুলতা'। রবীন্দ্রনাথ ঠাকুরের বড় গল্প নষ্টনীড় অবলম্বনে এর চিত্রনাট্য রচিত হয়েছে। ১৯৬৪ সালে মুক্তিপ্রাপ্ত এই চলচ্চিত্রটি ইংরেজিভাষী বিশ্বে The Lonely Wife নামে পরিচিত। সার্থক চিত্রায়নের খাতিরে এতে গল্পের কাহিনী খানিকটা পরিবর্তন করা হয়েছে। পটভূমি ঃ ১৮৭৯ সালের উচ্চবিত্ত এক বাঙালি পরিবারকে কেন্দ্র করে এর কাহিনী রচিত হয়েছে। পরিবারের কর্তা ভূপতি বিশুদ্ধ রাজনৈতিক চিন্তায় অনুপ্রাণিত হয়ে একটি ইংরেজি পত্রিকা প্রকাশ করেন। তার বাড়িতেই Sentinnel নামে পত্রিকাটির কাজ শুরু হয়। পত্রিকার কাজে দিনরাত মগ্ন থাকায় সদ্য যৌবনে পদার্পণকারী স্ত্রীর দিকে বিশেষ মনোযোগ দেওয়ার সময় পান না। স্ত্রী চারুলতার সময় কাটে একা একা। অবসরে চারু সাহিত্য চর্চা করে সময় কাটায়। স্ত্রীর নিঃসঙ্গতা স্বাভাবিকভাবেই ভূপতির চোখে পড়ে। তাই চারুর ভাই উমাপদকে চিঠি লিখে সস্ত্রীক চলে আসার জন্য বলেন। উমাপদকে নিজের পত্রিকার ম্যানেজার নিযুক্ত করেন। উমাপদর স্ত্রী মন্দাকিনীর সাথে চারুর চরিত্রের আকাশ-পাতাল ফারাক। তাই চারুর নিঃসঙ্গতা খুব কমই প্রশমিত হয়। এমন সময় আগমন ঘটে ভূপতির পিসতুতো ভাই অমলের। অমলের সাথে চারুর সম্পর্ক আগে থেকেই বেশ ঘনিষ্ঠ। তবে প্রথম দিকে তাদের সম্পর্কে বৌঠান-ঠাকুরপোর স্বাভাবিকতা ছাড়া অন্য কিছুর ইঙ্গিত দেওয়া হয়নি। ভূপতি অমলকে নিজ স্ত্রীর মধ্যে লুক্কায়িত সাহিত্যিক প্রতিভা বের করে আনার দায়িত্ব দেয়। এরসাথে তার পত্রিকার শুদ্ধতা করার কাজে লাগানোরও চেষ্টা করে। অবশ্য সাহিত্য চর্চা ছাড়া অন্য কিছুতে অমলের খুব একটা আগ্রহ দেখা যায়নি। এর মধ্যে উমাপদর মানসিক অবস্থা বুঝতে পেরে ভূপতি তাকে পত্রিকার আর্থিক দিকটার সমস্ত দায়িত্ব দিয়ে দেয়। চারুর ভাই বলেই হয়তো উমাপদকে অবিশ্বাস করার প্রশ্ন উঠেনি। চারু অবশ্য তার ভাই সম্বন্ধে এতোটা বিশ্বাসী ছিল বলে মনে হয় না। অমল চারুর সাথে সাহিত্য চর্চা শুরু করে তার মধ্যের লুক্কায়িত প্রতিভার স্ফূরণ ঘটানোর জন্য। এর সাথে শুরু হয় অমল, চারুলতা ও মন্দাকিনীর পারস্পরিক সম্পর্কের টানাপোড়েন। একান্ত আলোচনা আর মেলামেশা থেকে সহজেই বোঝা যায় চারুর সাথে অমলের সম্পর্ক কেবল বৌঠান-ঠাকুরপোর নয়, এর মধ্যে অন্য কিছুও রয়েছে। ভাইয়ের সাথে স্ত্রীর সম্পর্ক ভূপতিকে অশান্তিতে ফেলে দেয়। তাদের মিল হওয়াটা তখন অসম্ভবের পর্যায়ে, সমসাময়িক প্রেক্ষাপটে বিচ্ছেদও অস্বাভাবিক । তাদের মিলন না বিচ্ছেদ হবে তা মুখ্য নয়। সেই দিনটি বা সে সময়টিতে তাদের নীড় যে ভেঙে গেছে। ১৯৬৪ - সিলভার বেয়ার পুরস্কার ও ১৯৬৫ - জাতীয় চলচ্চিত্র পুরস্কার।

শ্রীশ্রী অনুকূল ঠাকুর

সঙ্গীতের মধ্যে দিয়ে ঈশ্বরের সাধনা করা যেতে পারে। চৈতন্যদেব সংকীর্তন করে ঈশ্বরের সাধনা করেছেন। তিনি দেব দেবী পূজা করতেন না। তিনি সব সময়ে হরিনাম করে গিয়েছে। কৃষ্ণ ভজনাই ছিল তাঁর মূল মন্ত্র। কৃষ্ণকে তিনি ভগবান বলে স্বীকার করে নিয়েছিলেন। কৃষ্ণের মতো চৈতন্যদেব দার্শনিক ছিলেন এবং প্রয়োজন হলে তিনি অস্ত্র ধরতে দ্বিধাবোধ করতেন না। কাজী দলন করেছিলেন। অত্যাচারি কাজীর বাড়ি জ্বালিয়ে দিয়েছিলেন। নবদ্বীপকে ন্যায় স্থান হিসাবে তিনি প্রতিষ্ঠা করেছিলেন। পণ্ডিতেরা তখন নবদ্বীপে নির্ভয়ে বাস করতো

স্বামী বিবেকানন্দ দর্শন

স্বামী বিবেকানন্দ বলতেন, পিছনে পড়ে থাকা চলবে না। সাহসের ওপরে ভর করে এগিয়ে গিয়ে কাজ করতে হবে। উন্নত মানের কাজ করতে হবে। তবেই বিকাশ লাভ করা সম্ভব। কর্ম করে যেতে হবে। কর্মের সঙ্গে কোনও রকমভাবে আপোষ করা চলবে না। যতদিন বাঁচি ততদিন কাজ করি। এটাই লক্ষ্য হওয়া উচিত। সেই পথ ধরে এগিয়ে যেতে হবে মানব জাতিকে। গীতায় বলেছে কর্মযোগের কথা। কর্মযোগের সাধনা করতে হবে। এক নিষ্ঠভাবে কাজ করতে হবে। যিনি কর্মবীর তিনি জগতে কাউকে ভয় পান না। তিনি নির্ভয়ে এগিয়ে যেতে পারেন সামনের দিকে। কাজ করলে তার শুভ ফল পাওয়া যায়। ভালো কাজে ভালো ফল আসবে। খারাপ কাজে খারাপ ফল পাওয়া যাবে। তাই জন্য খারাপ কাজ করলে চলবে না। চাই ভালো কাজ করার মানসিকতা। ভালো কাজের মানসিকতা লোকেরা জগতে বেশি উন্নতি করতে পারে। তিনি মহান হন। তাকে সবাই সম্মান করতে থাকে। তিনি সর্বজনের কাছে প্রিয় হয়ে ওঠেন। শরীরকে সুস্থ রেখে কাজ করতে হবে। সমাজের জন্য কাজ।

আচার্য জগদীশ চন্দ্র বোসের বিজ্ঞান দর্শন ও কবিগুরুর কাছে তাঁর মতামত প্রকাশ

বিশেষ প্রতিবেদক

ঊনবিংশ ও বিংশ শতাব্দীর আধুনিক বিজ্ঞানের জগতে যাঁরা ভারতের পতাকাকে উচ্চে তুলে ধরেছিলেন, তাঁদের মধ্যে আচার্য জগদীশচন্দ্র বসু অন্যতম ছিলেন। তাঁর জীবনের সাথে পরিচিত প্রায় সকলেই জ্ঞাত রয়েছেন যে, সারাজীবন ধরে বিজ্ঞান সেবা করে তিনি বিশ্বের দরবারে ভারতবর্ষের মুখ উজ্জ্বল করে তুলেছিলেন। এই সংক্ষিপ্ত প্রবন্ধে তাঁর সমগ্র জীবনের আদর্শ ও চিন্তাধারাকে প্রকাশ করবার চেষ্টা করা হল।

জগদীশচন্দ্রের সঙ্গে কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরের একটা সৌহৃদ্যপূর্ণ সম্পর্ক ছিল। জগদীশচন্দ্র যে প্রগতিপন্থী ছিলেন, একথার পরিচয় রবীন্দ্রনাথকে লিখিত তাঁর একটি চিঠি থেকে জানতে পারা যায়, যেটির একজায়গায় তিনি লিখেছিলেন, আমাদের দেশবাসীরা কেবল অতীতের গৌরবে অন্ধ। বর্তমানকালে আমাদের যত অধোগমন হোক না কেন, আমরা অতীতকালের কথা স্মরণ করে উৎফুল্ল থাকবো।

এছাড়া অন্যত্র তিনি লিখেছিলেন, জাপানীরা পুরানো কথা বলে সময় নষ্ট করে না, তারা বর্তমান এবং ভবিষ্যৎ নিয়ে ব্যস্ত।

বসু বিজ্ঞান মন্দিরে বহুমুখী জ্ঞানের অনুশীলন সম্বন্ধে তাঁর মত ছিল যে, সেখানে কোন বহুচর্বিত তত্ত্বের পুনরাবৃত্তি হবে না। বরং পরীক্ষার মাধ্যমে বিজ্ঞানের যা কিছু নতুন তত্ত্ব আবিষ্কৃত হবে, সেসব সেখান থেকেই জগতে প্রচারিত হবে। জগদীশচন্দ্রের এসব চিন্তাধারা থেকে বুঝতে পারা যায় যে, তিনি পেছনের দিকে তাকানোর থেকে সামনের দিকে তাকাতেই বেশি ভালবাসতেন।

জগদীশচন্দ্রের জীবনে দেশপ্রেম একটা মস্ত বড় অনুপ্রেরণা ছিল। এবিষয়ে নিজেকে উদ্ভিদের সঙ্গে তুলনা করে তিনি রবীন্দ্রনাথকে একটি চিঠিতে লিখেছিলেন, আমার মাতৃভূমির রসে আমি প্রস্ফুটিত। একই বিষয়ে আর একটি চিঠিতে তিনি লিখেছিলেন, আমাকে যদি শতবার জন্মগ্রহণ করতে হয়, তাহলে প্রত্যেকবার হিন্দুস্থানে জন্মগ্রহণ করবো।

আর এই কারণেই বিদেশে বসে বিজ্ঞান বিষয়ক গবেষণা করবার বাসনা তাঁর মধ্যে কখনোই তেমন তীব্র রূপে দেখা দেয়নি। একবার এপ্রসঙ্গে লণ্ডন থেকে তিনি রবীন্দ্রনাথকে একটি পত্রে লিখেছিলেন, আমার হৃদয়ের মূল ভারতবর্ষে। যদি সেখানে থেকে কিছু করতে পারি, তাহলে আমার জীবন ধন্য হবে। যদি সকলেই আমরা বোঝা ফেলে বিদেশে চলে আসি, তবে দেশের ভার কে বইবে। এই কারণেই ইংল্যাণ্ডে থাকবার সময়ে যখন তাঁকে সেখানকার একটি বিশ্ববিদ্যালয়ের অধ্যাপকের পদ দেওয়ার কথা উঠেছিল, তখন নিজের দুঃখিনী মাতৃভূমির আকর্ষণ ও স্বদেশবাসীর স্নেহবন্ধন ভুলতে না পেরে তিনি সেই পদটি গ্রহণ করতে রাজি হননি।

বস্তুতঃ দেশপ্রেমের মত মাতৃভাষার প্রতিও জগদীশচন্দ্রের অকৃত্রিম অনুরাগ ছিল। এপ্রসঙ্গে রবীন্দ্রনাথকে একটি চিঠিতে তিনি বলেছিলেন,তোমার স্বরে আমি ক্ষীণ মাতৃস্বর শুনতে পাই, সেই

মাতৃদেবী ব্যতীত আমার আর কি উপাস্য আছে?

প্রসঙ্গতঃ একথাও স্মরণীয় ও উল্লেখ্য যে, আচার্য জগদীশচন্দ্রের যা কিছু আবিষ্কার বিদেশে প্রতিষ্ঠা লাভ করেছিল, সেসব বিষয়ে সমস্ত লেখা প্রথমে তাঁর নিজের মাতৃভাষায় প্রকাশিত হয়েছিল এবং সেসব বিষয়ক সমস্ত পরীক্ষা তিনি বাংলার সাধারণ মানুষের সমক্ষে প্রদর্শন করেছিলেন। কিন্তু দুর্ভাগ্যবশতঃ নিজের কোন আবিষ্কারের মূল্য ও মর্যাদা তিনি স্বদেশবাসীর কাছ থেকে প্রথমে পাননি। এমনকি বিদেশী বৈজ্ঞানিকদের কাছ থেকে শংসাপত্র না পাওয়া পর্যন্ত তাঁর কোন আবিষ্কারই কিন্তু স্বদেশে প্রশংসিত হয় নি।

বিজ্ঞান বিষয়ক গবেষণার ক্ষেত্রে জগদীশচন্দ্র বসু স্বনির্ভরতাকেই নিজের প্রধান হাতিয়ার করে তুলেছিলেন। পরীক্ষাগারে উপকরণের অভাবে কোন বৈজ্ঞানিক অনুসন্ধান অসম্ভব। এই তত্ত্বকথাকে তিনি কোনদিনই সম্পূর্ণভাবে বিশ্বাস করেননি। তিনি মনে করতেন যে, পরীক্ষাগারের উপকরণের উপরেই যদি বৈজ্ঞানিক অনুসন্ধান নির্ভর করত, তাহলে পৃথিবীর অন্যদেশে, যেখানে পরীক্ষাগার নির্মাণে অপরিমিত অর্থ ব্যয় করা হয়, সেখান থেকে প্রতিদিন কোন না কোন নতুন বৈজ্ঞানিক তথ্য আবিষ্কৃত হত। তিনি বলেছিলেন যে, প্রকৃত পরীক্ষাগার বিজ্ঞানীদের অন্তরেই রয়েছে। আর সেই অন্তর যদি উজ্জ্বল হয়, তাহলে এবিষয়ে বাইরের কোন আয়োজনের প্রয়োজন হয় না। এই কারণেই নিজের বৈজ্ঞানিক গবেষণার জন্য দরকারি যন্ত্রপাতি তিনি নিজেই নির্মাণ করে নিয়েছিলেন, এবিষয়ে তিনি কোনদিনই বিদেশী যন্ত্রের উপরে নির্ভর করেননি। কিন্তু তাঁর সমকালের অন্যান্য বৈজ্ঞানিকদের বিদেশী যন্ত্রপাতির উপরে নির্ভরতা দেখে তিনি দুঃখ করে তাঁদের প্রশ্ন করেছিলেন যে, পরের অনুকরণ না করে এদেশের বৈজ্ঞানিকেরা নিজেদের চিন্তাবলে নতুন কিছু উদ্ভাবন এবং আবিষ্কার করবার কথা কি কখনো ভাবতে পারেন না?

সত্যকে প্রতিষ্ঠা করাই যে কোন প্রকৃত বিজ্ঞানীর জীবনের মূল আদর্শ হয়ে থাকে, আর জগদীশচন্দ্রের জীবনেও এই আদর্শেরই প্রতিফলন দেখতে পাওয়া গিয়েছিল। একদা এপ্রসঙ্গে তিনি বলেছিলেন, সত্যের সম্যক প্রতিষ্ঠা প্রতিকূলতার সাহায্যেই হয়, আর আনুকূল্যের প্রশ্রয়ে সত্যের দুর্বলতা ঘটে। নতুন সত্য আবিষ্কার করিবার জন্য সমস্ত জীবন পণ ও সাধনার আবশ্যক লাভ করিবার চেয়ে দশজনের কাছে প্রতিষ্ঠা লাভের জন্য যাঁহারা লালায়িত হইয়া উঠে, তাঁহারা সত্যের দর্শন পায় না। সত্যের প্রতি যাঁহাদের পরিপূর্ণ শ্রদ্ধা নাই, ধৈর্যের সহিত তাঁহারা সমস্ত দুঃখ বহন করিতে পারে না, দ্রুতবেগে খ্যাতিলাভ করিবার লালসায় তাঁহারা সত্যের লক্ষ্যভ্রষ্ট হইয়া যায়। এইরূপ চঞ্চলতা যাঁহাদের আছে, সিদ্ধির পথ, তাঁহাদের জন্য নহে কিন্তু সত্যকে যাঁহারা যথার্থ চায়, উপকরণের অভাব তাঁহাদের পক্ষে প্রধান অভাব নহে। কারণ দেবী সরস্বতীর যে নির্মল শ্বেতপদ্ম তাহা সোনার পদ্ম নহে, তাহা হৃদয়পদ্ম। আচার্য জগদীশচন্দ্রের জীবনের মূলমন্ত্র ছিল,আমাদের বাঁচতে হবে, সঞ্চয় করতে হবে এবং বাড়তে হবে। যে কোন সঞ্চয় করে না, পরমুখাপেক্ষী, যে ভিক্ষুক, সে জীবিত হইয়াও মরিয়া আছে। যাঁর কিছু নেই, সে জগতকে কি দেবে! জগতে ভিক্ষুকের স্থান নেই। যে সঞ্চয় করেছে, সেই শক্তিমান, সেই তাঁর সঞ্চিত ধন বিতরণ করে পৃথিবীকে সমৃদ্ধিশালী করবে।

জগদীশচন্দ্রের কার্যে ও চিন্তায় সাহসী মনোভাবের যে পরিচয় ইতিহাসে পাওয়া যায়, সেসব তিনি তাঁর পিতার কাছ থেকেই উত্তরাধিকার সূত্রে পেয়েছিলেন বলে তাঁর জীবনীগ্রন্থগুলি থেকে যায়। বস্তুতঃ পিতার ব্যক্তিত্ব ও চারিত্রিক দৃঢ়তাই তাঁর জীবনকে সবথেকে বেশি প্রভাবিত করেছিল। তিনি যখন কলকাতার প্রেসিডেন্সি কলেজে শিক্ষকতা করতেন, তখন সেখানে সমান কাজের জন্য ভারতীয় ও ইউরোপীয় শিক্ষকদের মধ্যে বেতনের ক্ষেত্রে বৈষম্য দেখতে পেয়েছিলেন। আর সেজন্য তখন একটানা তিনবছর ধরে বেতন গ্রহণ না করে তিনি কলেজ কর্তৃপক্ষের সেই বৈষম্যমূলক আচরণের বিরুদ্ধে নীরব ও অহিংস প্রতিবাদ জানিয়েছিলেন। এপ্রসঙ্গে এখানে তাঁর জীবনের আর একটি ঘটনার কথাও অবশ্য উল্লেখ্য। নিজের কর্মজীবনের কোন একসময়ে জগদীশচন্দ্র কলকাতা বিশ্ববিদ্যালয়ের একজন সরকার-মনোনীত সদস্য ছিলেন। তখন তাঁর কোন একটি কাজ সরকারি স্বার্থের অনুকূলে না হওয়ার জন্য তাঁর কাছ থেকে কৈফিয়ৎ তলব করা হলে, তিনি উত্তরে জানিয়েছিলেন যে সরকারের অন্ধ স্তাবকতা করবো, এই যদি আমার কাছে আশা করা হয়ে থাকে, তবে যেন যথাসত্বর আমাকে সরকারী মনোনয়ন থেকে অব্যাহতি দেওয়া হয়। এখানে মনে রাখতে হবে যে, জগদীশচন্দ্রের সময়ে অর্থাৎ ঘোর বৃটিশ রাজত্বে সরকারের যে কোন অন্যায় কাজ ও অবিচারের বিরুদ্ধে প্রকাশ্যে প্রতিবাদ করবার সাহস কিন্তু খুব কম ব্যক্তিই দেখাতে পেরেছিলেন। জগদীশচন্দ্র কখনও;'হতে পারে না' বা 'হবে না';বলে কোন বৈজ্ঞানিক কাজে পশ্চাৎপদ হননি।

লেখকঃ রানা চক্রবর্তী।

ভগিনী নিবেদিতা ও স্বামী বিবেকানন্দ

রবীন্দ্রকুমার শীল

১৮৯৮ সালে ২৮ জানুয়ারি কলকাতায় পা রাখলেন মার্গারেট। তবে তাঁকে শিষ্যা রূপে গ্রহণ করার আগে বহুবার যাচাই করে নিয়েছিলেন স্বামীজি। বিবেকানন্দ তাঁকে বলেছিলেন, ভারতবর্ষের জন্য যে কাজ তুমি করবে তার বিরাট সম্ভাবনা সম্বন্ধে আমি নিঃসংশয়। পুরুষ নয়, সিংহিনীর মতন শক্তিময়ী নারী চাই। ..এদেশের জন্য যেমন মেয়ে চাই, তুমি ঠিক তেমনই।' তবে সিদ্ধান্ত তোমায় গ্রহণ করতে হবে। 'আমি তোমায় কথা দিচ্ছি। আবার সাবধান করে দিই, তোমায় নিজের পায়ে দাঁড়াতে হবে। কারও আশ্রয়ের ভরসা করা চলবে না।' মোমবাসা জাহাজে চেপে যখন ভারতের উদ্দেশ্যে পা বাড়ালেন মার্গাটের তখন তাঁর হাতে ছিল একটি চিরকুট স্বামীজির লেখা-'আমরণ আমি তোমার পাশে থাকবো। কথা দিচ্ছি তোমায়।' স্বামী বিবেকানন্দের কথার ওপরে ভরসা করে পরাধীন ভারতের নাগরিকদের মুক্তি পথ দেখাতে কলকাতায় এসে উপস্থিত হয়েছিলেন। তবে তাঁর আগে তিনি ভারতবর্ষ সম্পর্কে পড়েছেন এবং বিশদে জেনে নিয়েছিলেন। অফুরন্ত সম্পদ থাকা সত্ত্বেও ধর্মীয় কুসংস্কার এবং সামাজিক ভেদাভেদের ফলে মাথা সোজা করে দাঁড়াতে পারছে না ভারতবাসীরা। তাদের এই ধর্মীয় আবেগ এবং সামাজিক বিভেদকে পুরোপুরি কাজে লাগিয়ে বহাল তবিয়তে শাসন করে চলেছে ব্রিটিশ সরকার। আয়ারল্যাণ্ডের বাসিন্দারা ব্রিটিশ শাসন বিরোধী ছিল। তারা ব্রিটিশ শাসনের নাগপাশ থেকে বের হয়ে আসার জন্য গোপনে গোপনে আন্দোলন করতে শুরু করে। মার্গারেট আয়ারল্যাণ্ডের বিপ্লবীদের সঙ্গে যোগাযোগ রাখতেন। স্বাধীন আয়ারল্যাণ্ড হওয়ার স্বপ্ন দেখতেন। কিন্তু স্বামীজির সঙ্গে তাঁর সাক্ষাৎ হওয়ার ফলে ভারতের প্রতি তাঁর আকর্ষন তীব্র হতে শুরু করে। নারীর জাগরণ শক্তি দিয়ে পরাধীন ভারতবাসীদের মুক্ত করতে এসেছিলেন মার্গারেট। স্বামী বিবেকানন্দ তাঁকে আগেই হুঁশিয়ারী দিয়েছিলেন যে কাজ করার সিদ্ধান্ত গ্রহণ করতে চলেছেন তা অত্যন্ত কঠিন এবং দুর্বিষহ। প্রতি মুহূর্তে বিবাদ, বিক্ষোভ এবং বিপদও আসতে পারে। সামাজির ও ধর্মীয় বাধাকে অতিক্রম করে এগিয়ে চলতে হবে। জাগরিত করতে হবে ভারতের নারী শক্তিকে। তবেই ভারতের মুক্তি। স্বামীজি তাঁর কাছ থেকে জানার চেষ্টা করেছিলেন বিভেদের মধ্যে পরাধীন ভারতবর্ষে গিয়ে তাঁর কাজ করতে কোনও অসুবিধা হবে কিনা। কুসংস্কারে পরিপূর্ণ সমাজকে জাগরিত করতে তিনি সক্ষম হবেন কিনা। অকুতোভয় মার্গারেট তাঁর জীবন শক্তি দিয়ে স্বামী বিবেকানন্দকে বুঝিয়ে দিয়েছিলেন যে কর্মযোগ, ধ্যানযোগ এবং শক্তিযোগের সমন্বয়ে তিনি আজীবন ভারতবাসীর উন্নতির জন্য কাজ করে যাবেন। কোনও বিরুদ্ধ শক্তি তাঁকে বাধা দিতে পারবে না। আয়াল্যাণ্ডের বিপ্লবীদের সঙ্গে যোগ ছিল মার্গারেটের। সেখান থেকে তিনি সংগ্রাম করার শক্তি অর্জন করেছিলেন। নিজে কিন্ডারগার্ডেন স্কুল স্থাপন করলেন উইম্বলডনে। নাম দিলেন 'দ্য কিংসলে স্কুল'। শিক্ষাকে জীবন উন্নয়নের সর্বশ্রেষ্ঠ পথ বলে মনে করতেন। মার্গারেট যখন কলকাতায় এলেন তখন স্বামীজির ছয়জন বিদেশি শিষ্যশিষ্যা ছিলেন। তাঁদের নাম ক্যাপ্টেন ও মিসেস সেভিয়ার, হেনরিয়েটা মুলার, মিসেস বুল, মিস ম্যাকলাউড ও মার্গারেট। প্রত্যেকেই বিপুল শক্তির অধিকারী। যে কোনও অন্যায়ের বিরুদ্ধে লড়াই করার ক্ষমতা রাখেন। আবার এঁদের মধ্যে সবচেয়ে বেশি শক্তি সঞ্চয়কারিনী ছিলেন মার্গারেট। তিনি একাদিকে যেমন বিপ্লবী অরবিন্দের সঙ্গে যোগাযোগ করতেন ভারতকে স্বাধীন করার কাজে আবার তিনি বিজ্ঞানী জগদীশ চন্দ্র বসুকে উৎসাহিত দিতেন উন্নততর বিজ্ঞান সাধনায়। বাগবাজারে মহিলা স্কুল প্রতিষ্ঠা করে নারী শিক্ষার প্রসারের দিকে অগ্রসর হলেন। আচার সর্বস্ব ধর্ম নয়, জীবন সর্বস্ব ধর্মও প্রচার করতে শুরু করলেন তিনি। স্বামী বিবেকানন্দ এর ব্যবহারিক জীবন ধর্ম দর্শনকে সবার মধ্যে ছড়িয়ে দেওয়ার জন্য আন্দোলন শুরু করলেন যা ঠাকুর রামকৃষ্ণদেব সূচনা করে গিয়েছিলেন। 'শ্রীশ্রীরামকৃষ্ণ কথামৃত' গ্রন্থে ব্যবহারিক জীবন দর্শন এর বিস্তারিত বিবরণ রয়েছে প্রতি ছত্রে ছত্রে। বিজ্ঞান জীবন ধর্মের সবচেয়ে শক্তিশালী মূল স্তম্ভ। ইংল্যাণ্ডের শিল্প বিপ্লব গোটা ইংল্যাণ্ডবাসীর চেতনাকে জাগ্রত করে আন্তর্জাকিতায় রূপ দিয়েছিল। ব্রিটিশদের উপনিবেশবাদের মাধ্যমেই বিজ্ঞান সর্বত্র ছড়িয়ে পড়তে শুরু করে। বিজ্ঞান চেতনাকে জাগ্রত করতে হবে। এটা ছাড়া ভারতবাসীর কোনও মুক্তি নেই তা বুঝতে পেরেছিলেন মার্গারেট। পরাধীন দেশের বিজ্ঞানী আচার্য জগদীশচন্দ্র বসুর বহু লেখা তিনি সম্পাদনা এবং প্রণয়নের বিশেষ ভূমিকা পালন করেছিলেন। বিজ্ঞানী জগদীশচন্দ্র বসুর লেখা 'লিভিং অ্যাণ্ড নন-লিভিং', 'প্ল্যান্ট রেসপন্স', 'কমপ্যারেটিভ ইলেকট্রো-ফিজিওলজি', 'ইরিটেবিলিটি অব প্ল্যান্ট' এবং রয়্যাল সোসাইটিতে প্রকাশিত জগদীশচন্দ্র এর প্রকাশিত গবেষণাপত্র সবকটিই প্রবন্ধই মার্গারেট সম্পাদনা করে দিয়েছিলেন।

বাংলা চলচ্চিত্রে রবি ঘোষ

বিশেষ প্রতিবেদক

সৌমিত্র চট্টোপাধ্যায়ের সমান অভিনয় প্রতিভা ছিল রবি ঘোষের। এক জন অভিনেতা ২৫ বছর ধরে 'নেই'। বাংলা বিনোদন দুনিয়া কতটা অভাব অনুভব করছে? কতটাই বা মনে করছে তাঁকে?

আমি কিন্তু প্রতি পদে অভাব অনুভব করি। যখনই নতুন ছবি বানাই, মনে পড়ে রবিদার কথা। আফশোসও হয়, যদি থাকতেন! অমুক চরিত্রটি ওঁকে দিতে পারতাম। আমার তিনটি ছবিতে অভিনয় করেছিলেন। 'অন্তর্জলি যাত্রা', 'পদ্মানদীর মাঝি', 'পতঙ্গ'। খুব কাছ থেকে মানুষটিকে দেখেছি। অভিনেতা রবি ঘোষকেও। মানুষ হিসেবে অনবদ্য ছিলেন। শিক্ষায়, বিদ্যায়, বুদ্ধিতে, সহানুভূতিশীলতায়, মননে সমৃদ্ধ এক পরিপূর্ণ ব্যক্তিত্ব। যে দিন মেজাজে থাকতেন রসিকতায় মাততেন। মনখারাপও হত। পর্দায় তিনি কৌতুকাভিনেতা তার মানেই তো সারা ক্ষণ হাসতেন এমন নয়। সব বিষয়েই অদ্ভুত সামঞ্জস্য ধরে রাখতে জানতেন।

এ বার প্রশ্ন, কেন আজও ওঁর অভাব বোধ করি? আসলে, আমার পরপর দুটো ছবিতে এক দম অন্য ধরনের চরিত্রে অভিনয় করেছিলেন রবিদা। 'অন্তর্জলি যাত্রা'য় 'জ্যোতিষী', 'পদ্মানদীর মাঝি'তে 'আমিনুদ্দিন'। প্রথম ছবিটির পরেই দ্বিতীয় ছবির জন্য ভাবি ওঁকে। রবিদাকে বলতেই অল্প খেদ মেশানো জবাব দিয়েছিলেন, ''দর্শক তো আমায় দেখেই হাসবে গৌতম। এই চরিত্রে কেউ কি আমার অভিনয় দেখবে?'' আমিও আশ্বস্ত করে বলেছিলাম, ''প্রথমে হয়তো হাসবে। কারণ, আপনি অসংখ্য কৌতুকাভিনয় উপহার দিয়েছেন। পরে দর্শকেরাই আগ্রহ নিয়ে নতুন রবি ঘোষকে দেখবে।'' সেটাই হয়েছিল, 'আমিনুদ্দিন' হয়ে পর্দায় আসতেই দর্শক হাসতে শুরু করেছিল। রবিদা অভিনয় দিয়ে তাদের থামিয়ে দিয়েছিলেন। আমার হিন্দি ছবি 'পতঙ্গ'-এও ছোট চরিত্রে দুর্দান্ত অভিনয় করেছিলেন।

উৎপল দত্তকে নিয়ে আমি একটি তথ্যচিত্র বানিয়েছিলাম। তখন মিনার্ভা থিয়েটার বন্ধ ছিল। খোলার পরেই উৎপলদা বলেছিলেন, পুরনো সেট নিয়ে কিছু নাটক নতুন করে তৈরি করা হবে। অনুরোধ জানিয়েছিলেন সেগুলো ক্যামেরা বন্দি করার। উৎপলদার অনুরোধে আমরা 'অঙ্গার' নাটকটি

ক্যামেরাবন্দি করেছিলাম। সেই নাটকে রবিদার বিখ্যাত চরিত্র 'সনাতন'। একটি দৃশ্যে দীর্ঘ সংলাপ ছিল তাঁর মুখে। রবিদা এক বার বইয়ে চোখ বুলিয়েই নিখুঁত শট দিলেন! আমরা হতভম্ব। কী করে এত বড় সংলাপ হুবহু মুখস্থ করলেন এত কম সময়ে? রবিদা অকপট, ''কত রজনী অভিনয় করেছি। ওই নাটক, ওই চরিত্র আমার ভিতরে গাঁথা হয়ে গিয়েছে। ওকে ভুলি কী করে?'' তা হলে রবিদা স্বাভাবিক অভিনেতা না পরিচালকের পছন্দ হতে ভালবাসতেন? অনেকেই জানেন না, অভিনয়ে স্বতঃস্ফূর্ত হলেও রবিদা মন থেকে চাইতেন, পরিচালকেরা তাঁকে নির্দেশ দিন। ওঁকে পথ দেখান। চরিত্র বুঝিয়ে দিন। তাই ভাল পরিচালক পেলেই তাঁর কাছে দাদা নিবেদিতপ্রাণ। কত বার বলেছেন, বেশির ভাগ ছবিতে জোর করে কাতুকুতু দিয়ে হাসাতে হয়েছে। কিন্তু পরিচালক ধরিয়ে দিলে কৌতুকাভিনয়ও মানের পরীক্ষায় সসম্মানে উত্তীর্ণ হয়।

আরও একটি কথা স্বীকার করতে দ্বিধা নেই, সৌমিত্র চট্টোপাধ্যায়ের সমান অভিনয় প্রতিভা ছিল রবি ঘোষের। কী পর্দায়, কী মঞ্চে। ওঁরা একে অপরের সমতুল্য। এ কথা আরও একটি প্রশ্নের জন্ম দেবে। তা হলে কি বাংলা বিনোদন দুনিয়া সঠিক মূল্যায়ন করতে পেরেছে অভিনেতার? আমার মতে, কোনও কিছুর মূল্যায়ন হয় না কোনও কালে। এটা আমার ধারণা। কারওর কাছে হয়তো হয়, কারওর কাছে হয়তো নয়। তবে সৃষ্টিকর্তা এবং তাঁর সৃষ্টি নিজের জায়গায় ঠিক থেকে যায়। এ কথা রবি ঘোষের ক্ষেত্রেও প্রযোজ্য। তাই অনেকের মতোই সুযোগ পেলে তপন সিংহের 'গল্প হলেও সত্যি' ছবিটি ঘুরিয়ে ফিরিয়ে দেখি। ছবিটি হিন্দিতেও তৈরি হয়েছে 'বাবুর্চি' নাম দিয়ে। রবিদা ওই ছবিতে অনবদ্য। এখানেই স্রষ্টা তপন সিংহ সার্থক। সার্থক তাঁর সৃষ্টি 'ধনঞ্জয়' রবি ঘোষ। রবি ঘোষকে চিনে ছিলেন সত্যজিৎ রায়। খুবই গুরুত্বপূর্ণ চরিত্র দিয়ে তাঁকে বাংলার চলচ্চিত্র জগতে উজ্জ্বল করে রেখে দিয়েছিলেন তা কেউ ভোলে না।

বস্তুশাস্ত্র কি এবং কেন তা জানাই

বাস্তুশাস্ত্র মতে ঘরে কিছু প্রাণী ও পাখি পোষা উচিত বিভিন্ন প্রাণী ও পাখির সঙ্গে মানুষের সম্পর্ক অবিচ্ছেদ্য। অনেক মানুষ আছেন, যাদের জীবনের অঙ্গ হয়ে গেছে বাড়ির পোষা পশু ও পাখি। তবে কোন ধরনের পশু ও পাখি বাড়িতে পোষা উচিত তা নিয়ে বাস্তু শাস্ত্রের কিছু পরামর্শ আসছে।

কুকুর - কুকুরকে সবচেয়ে বিশ্বস্ত পশু বলা হয়ে থাকে। অধিকাংশ ব্যক্তি নানান প্রজাতির কুকুর পুষতে ভালোবাসেন। তবে কালো রঙের কুকুর পোষা অধিক শুভ। জ্যোতিষ অনুযায়ী কারও কোষ্ঠিতে শনি দুর্বল বা পীড়িত অবস্থায় থাকলে কালো কুকুরকে খাবার খাওয়ানো উচিত।

টিয়া - আবার পাখি শখ থাকলে টিয়া পুষতে পারেন। মনে করা হয় টিয়া যে কোনও সমস্যার আঁচ করে মালিককে সে সম্পর্কে সতর্ক করতে পারে।

খরগোশ - খরগোশ পোষাও জ্যোতিষ মতে শুভ। এর প্রভাবে বাড়িতে সুখ-সমৃদ্ধির আগমন ঘটে। এমনকি বাড়ির পরিবেশও শান্ত থাকে। তবে খরগোশ কখনও একা পুষতে নেই, সবসময় জোড়ায় পোষা উচিত।

মাছ - অ্যাকোয়েরিয়ামে নানান রঙের মাছ রাখতে ভালোবাসেন অনেকেই। জ্যোতিষ মতে বাড়িতে মাছ রাখাও শুভ। এর ফলে নেতিবাচক শক্তি দূর হয় এবং সুখ-শান্তির বাস হয়। সোনালী রঙের মাছকে শুভ বলা হয়।

গোরু - হিন্দু ধর্মে গরুকে অত্যন্ত পবিত্র মনে করা হয়। গরু রাখলে বাড়িতে কোনও সমস্যা তো আসেই না, উপরন্তু ইতিবাচক শক্তিও বজায় থাকে।

ইঁদুর - সাদা ইঁদুরকে গণেশের প্রতীক মনে করা হয়। এর ফলে বাড়িতে ইতিবাচক শক্তি এবং সুখ-সমৃদ্ধি বৃদ্ধি হয়। এছাড়াও ঘোড়া ও কচ্ছপকে হিন্দু ধর্মে শুভ বলা হয়। বাস্তুশাস্ত্র সম্পর্কে ওয়াকিবহাল থাকা উচিত। এই শাস্ত্র জানতে বিপদ থেকে উদ্ধার পায়।

বাবা লোকনাথের ধর্মকথা ও উপদেশ

ধর্মকথা। বাবা লোকনাথ ব্রহ্মচারীর অমূল্য উপদেশ। জন্মাষ্টমী তিথি তেই জন্ম হয়েছিল লোকনাথ ব্রহ্মচারীর, ভক্তদের কাছে তিনি বাবা লোকনাথ নামেই পরিচিত। তাঁর বিখ্যাত বাণী 'রণে বনে জলে জঙ্গলে যখনই বিপদে পড়িবে, আমাকে স্মরণ করিও, আমিই রক্ষা করিব।' ভক্তদের কাছে তিনি সাক্ষাৎ দেবতা। ভারতের বিভিন্ন প্রান্তে ছড়িয়ে আছে তার বহু

ভক্ত। তিনি ভক্তদের সব সময় সৎ পরামর্শ দিতেন। তাঁর প্রধান কয়েকটি বাণী হলো - যারা আমার কাছে এসে আমার আশ্রয় গ্রহণ করে, তাদের দুঃখে আমার হৃদয় আর্দ্র হয়। এই আর্দ্রতাই আমার দয়া, এই আমার শক্তি যা তাদের উপর প্রসারিত হয় এবং তাহাদের দুঃখ দূর হয়।

যে ব্যক্তি সকলের সুহৃদ এবং যিনি কায়মনোবাক্যে সকলের কল্যাণ সাধন করেন তিনিই যথার্থ জ্ঞানী।

অন্ধকার ঘরে থাকলে, তোকে যদি কেউ জিগ্যেস করে তুই কে? তুই বলিস 'আমি'। আমাকে যদি কেউ জিগ্যেস করে আমিও বলি 'আমি'। নামে নামে যদি এত মিত্রতা হয়, তাহলে আমিতে আমিতে কেন মিত্রতা হতে পারে না? অর্থ উপার্জন করা, তা রক্ষা করা এবং তা খরচ করার সময় বিশ্বের দুঃখ ভোগ করতে হয়। অর্থ সকল অবস্থাতেই মানুষকে কষ্ট দেয়। তাই অর্থব্যয় হলে বা চুরি হলে তার জন্য চিন্তা করে কোন লাভ নেই।

গর্ব কোরো, কিন্তু আহাম্মক হয়ো না। ক্রোধ কোরো, কিন্তু ক্রোধান্ধ হয়ো না।

মন যা বলে শোনো,কিন্তু আত্মবিচার ছেড়ো না। কারণ মনের মতন প্রতারক আর কেউ নেই। মহাপুরুষদের বাক্য ও শাস্ত্র বাক্যের প্রতি মনে শ্রদ্ধা না থাকলে প্রকৃত আত্মবিচার করা সম্ভব নয়।

তাঁর ভক্তদের বিশ্বাস যে গুরুর আশীর্বাদে হিমালয়ের পর্বতের গুহায় একশো বছর তপস্যা করে তিনি সিদ্ধি লাভ করেন এবং ঈশ্বরের দর্শন লাভ করেন। দেব দর্শনের পর মানব কল্যাণ ও উদ্ধারের জন্য লোকালয়ে ফিরে আসেন লোকনাথ ব্রহ্মচারী। লোকালয়ে ফিরে এসে নানা উপদেশ দিয়ে তিনি মানুষকে সঠিক পথ প্রদর্শন করেন।

বাবা লোকনাথ শুধু দেবতা নন, তিনি মানব কল্যাণে ব্রতী হয়েছিলেন বলেই তাঁর নাম আজকে সর্বত্র প্রচারিত। তাঁর নাম সবাই স্মরণ করে থাকে।

বর্ধমানে তিনদিন ব্যাপি শুরু হল ক্রেতা সুরক্ষা মেলা

সুজিত দত্ত, বর্ধমান, ২৯ নভেম্বর ঃ ক্রেতাদের মধ্যে সচেতনতা বাগাতে এবার পূর্ব বর্ধমানে শুরু হল ক্রেতা সুরক্ষা মেলা। প্রতারণার হাত থেকে রক্ষা করতে রাজ্যে সরকারের ক্রেতা সুরক্ষা সংক্রান্ত পরিষেবার বিষয়ে

সাধারণ মানুষকে ওয়াকিবহাল করতেই এই মেলার আয়োজন। বৃক্ষরোপন ও প্রদীপ প্রজ্বালনের মাধ্যমে শুক্রবার জেলার চারটি মহকুমা নিয়ে শুরু হওয়া ক্রেতা সুরক্ষা মেলার সূচনা করেন রাজ্যের ক্রেতা সুরক্ষা দপ্তরের মন্ত্রী বিপ্লব মিত্র। উপস্থিত ছিলেন মন্ত্রী স্বপন দেবনাথ, উপভোক্তা বিষয়ক দপ্তরের রাষ্ট্রমন্ত্রী শ্রীকান্ত মাহাতো, খাদ্য ও সরবরাহ দপ্তরের মন্ত্রী জোৎস্না মান্ডি, পূর্ব বর্ধমানের জেলাশাসক আয়েষা রাণী এ (আইএএস), জেলা পুলিশ সুপার সায়ক দাস, বর্ধমান পৌরসভার পৌরপতি পরেশ চন্দ্র সরকার, সংশ্লিষ্ট দপ্তরের বিশেষ সচিব রুমেলা দে, বর্ধমান দক্ষিণের বিধায়ক খোকন দাস সহ অন্যান্য আধিকারিকগন। ২৯ নভেম্বর থেকে ১ ডিসেম্বর পর্যন্ত তিনদিন ধরে বর্ধমানের উৎসব ময়দানে চলবে মেলা। মন্ত্রী বিপ্লব মিত্র জানান, পশ্চিমবঙ্গ রাজ্য সরকারের উদ্যোগে জেলায় এই প্রথম এই ধরনের মেলার আয়োজন করা হয়েছে। বর্তমান সময়ে বিভিন্ন ক্ষেত্রে বেড়ে চলা প্রতারণার শিকার হচ্ছেন সাধারণ মানুষ। এমনকি অনলাইন মাধ্যমে প্রতিনিয়ত প্রতারণার ফাঁদে পড়ছে অনেকে। এই ধরনের প্রতারণার হাত থেকে বাঁচতে কি সাবধানতা অবলম্বন করতে হবে সেই বিষয়ে সাধারণ মানুষকে সচেতন করা হবে। পাশাপাশি, প্রতারণার শিকার হলে কি করণীয় সেই বিষয়েও জানানো হবে। মন্ত্রী স্বপন দেবনাথ জানান, প্রতারণার হাত থেকে সাধারণ মানুষকে বাঁচাতে এই মেলার আয়োজন করেছে রাজ্যে সরকার। মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের নির্দেশে ক্রেতা সুরক্ষা সংক্রান্ত পরিষেবা মানুষের কাছে পৌঁছে দিতে এই উদ্যোগ।

ট্যাক্স না বাড়িয়ে বিকল্প আয়ের পথে কলকাতা কর্পোরেশন

দুরন্ত বার্তা, কলকাতা, ২৯ নভেম্বর ঃ ট্যাক্স না বাড়িয়ে বিকল্প আয়ের পথে কলকাতা কর্পোরেশন। মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় স্পষ্ট করেই বলেছেন যে মানুষের উপর করের অতিরিক্ত বোঝা চাপানো যাবে না। অথচ কলকাতা কর্পোরেশনের অবস্থা 'ভাড়ে মা ভাবনী'। এই অবস্থায় বিকল্প আয়ের পথে মেয়র ফিরহাদ হাকিম। কলকাতা কর্পোরেশন সূত্রে জানা যাচ্ছে, এই অবস্থায় পুর-আয় বাড়াতে অফিসারদের বিকল্প উপায় খুঁজতে বললেন মেয়র ফিরহাদ (ববি) হাকিম। পুরসভা সূত্রে খবর, দিন কয়েক আগে অফিসারদের সঙ্গে এক বৈঠকে এই প্রস্তাব দিয়েছেন তিনি। এ দিকে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় সাফ জানিয়েই দিয়েছেন যে, মানুষের উপর নতুন ট্যাক্সের বোঝা চাপাতে তিনি রাজি নন। এই অবস্থায় ট্যাক্স না-বাড়িয়ে কী ভাবে পুরসভার আয় বাড়বে, সে রাস্তা বের করতে হন্যে অফিসাররা। এই প্রসঙ্গে মঙ্গলবার ফিরহাদ বলেন, আমাদের মুখ্যমন্ত্রী মানুষের উপর অতিরিক্ত ট্যাক্সের বোঝা চাপানোর বিরোধী। ট্যাক্স না বাড়িয়ে আয় বাড়ানোর আরও অনেক বিকল্প রাস্তা আছে। সেগুলো অফিসারদের খুঁজে বের করতে বলেছি। প্রশ্ন উঠেছে, এই বিশাল মূল্য বৃদ্ধির বাজারে কিছু ট্যাক্স বাড়িয়ে সমস্যার কিছু সমাধান তো করাই যায়! নাগরিক মহল বলছে, ভোট যে বড়ো বালাই। সূত্রের খবর, আয় বাড়াতে সম্পত্তি করের পুনর্বিন্যাসের জন্য দু'বছর আগেই নবান্নে প্রস্তাব পাঠিয়েছিল পুরসভা। সেই প্রস্তাব এখনও ঝুলে রয়েছে। ফলে অনেক চেষ্টা করেও সম্পত্তি কর আদায় বাড়ছে না। এই পরিস্থিতিতে ট্যাক্স বাড়াতে দিশেহারা কর্পোরেশন।

এল ছয় নতুন অতিথি

দুরন্ত বার্তা, দার্জিলিং, ২৯ নভেম্বর ঃ এদিন দার্জিলিং এর পদ্মজা জিওলজিক্যাল পার্কে এল ছয় নতুন অতিথি। দার্জিলিং এর এই ছয় অতিথিকে নিয়ে সারা পড়ে গেছে। চিতাবাঘ এবং পাখি ছাড়াও এসেছে সারস। এমনিতেই দার্জিলিং এর এই পদ্ম যা নাইডু জিওলজিক্যাল পার্ক বিখ্যাত হয়ে আছে, বিভিন্ন ঘটনার জন্য। দেশ এবং বিদেশ থেকে বহু পর্যটক এই পদ্ম যা নাইট জিওলজিক্যাল পার্কে আসেন। এদের মধ্যে তিনজন চিত্র পরিচালক এই পার্কে নতুন শুটিং করবেন বলে জানতে পাওয়া গেছে। নতুন অতিথিদের নিয়ে হইচই পড়ে গেছে। স্থানীয় বাসিন্দা এবং পার্কের কর্মীদের মধ্যে। সামনেই বড়দিন এবং এরপরে ১ জানুয়ারি নতুন বছর শুরু হচ্ছে, প্রতিবছরে এই সময়ে পাহাড়ে উপচে পড়ে পর্যটকদের ভিড়, এবারে সেটা রেকর্ড ছাড়াবে বলে মনে করছেন সবাই। তাই নতুন অতিথিদের আগমনে সেজে উঠেছে এই চিড়িয়াখানা। চারিদিকে নতুন করে লাইট লাগানো হচ্ছে, এবং মিউজিক সিস্টেম শুরু করা হয়েছে। আর অপেক্ষা শুধু উদ্বোধনের, উদ্বোধনের পরই সবটা খুলে দেওয়া হবে স্থানীয় দর্শনার্থী এবং বাইরের পর্যটকদের জন্য। এই পার্কে ঘিরে এসেছে বিদেশিদের মধ্যেও বহু বিদেশী পর্যটক এই পার্ককে নিয়ে গল্প লিখতে চাইছেন। সব মিলিয়ে মনে করা হচ্ছে এবারে যথেষ্ট আকর্ষণীয় হয়ে উঠবে এই পার্ক।

তিস্তায় ধরা পড়লো বামোশ মাছ

দুরন্ত বার্তা, জলপাইগুড়ি, ২৯ নভেম্বর ঃ পরিবেশ দূষণের কারণে উত্তরবঙ্গের প্রায় সব নদী থেকেই বিলুপ্ত হয়ে গিয়েছিল এই সুস্বাদু বামোশ মাছ। তা আবার ফিরে এলো জেলেদের জালে। গত বছর সিকিম পাহাড়ে প্রাকৃতিক বিপর্যয়ে তিস্তা নদীর বিস্তীর্ণ এলাকা ক্ষতিগ্রস্ত হয়। জলদূষণের পাশাপাশি নদীর একাধিক এলাকায় পলি জমে উচ্চতা বেড়ে যায়। এই পরিস্থিতিতে

তিস্তার অন্যতম সম্পদ বোরোলি, বোয়াল, আড় মাছের মতো বামোশ মাছের প্রজাতি ক্ষতিগ্রস্ত হওয়ার আশঙ্কা প্রকাশ করে ছিলেন পরিবেশ কর্মীরা। এদিন বামোশের উপস্থিতি এই আশঙ্কা থেকে অনেকটা রেহাই মিলল বলে মনে করছে মৎস্য দপ্তর। মৎস্য বিশেষজ্ঞদের বক্তব্য, বামোশ মাছ বড় বাইন, দানব বাইন নামেও বিভিন্ন দেশে পরিচিত। এক মৎস্যজীবীর জালে সেই অজগরের মতো দেখতে বামোশ মাছ উঠতেই ভিড় জমে যায়। জলপাইগুড়ি স্টেশন বাজারে তা আসতেই রীতিমতো হইচই পড়ে যায়। প্রায় সাড়ে তিন ফুট লম্বা, সাড়ে পাঁচ কেজি ওজনের বামোশ মাছটিকে নিলামে তোলা হয়। তা কিনে নেন মৎস্য ব্যবসায়ী মৃণাল রায়। তিনি জানান, দীর্ঘ প্রায় ২ বছর পর বাজারে এতো বড় বামোশ এল। এক সময় ভারতের পাশাপাশি বাংলাদেশ, পাকিস্তান, শ্রীলঙ্কা, নেপালের নদীতে প্রচুর সংখ্যায় এই মাছ পাওয়া যেত। এখন অবশ্য প্রায় লুপ্ত শ্রেণীর মাছের মধ্যে পড়ে এই মাছ।

রাঢ় বাংলা জোনাল কনফারেন্স

দুরন্ত বার্তা, বোলপুর, ২৯ নভেম্বর ঃ রাজ্যে শিল্প বান্ধব পরিবেশ সহ সমাজের বিভিন্ন ইতিবাচক ও উন্নয়ন মূলক সংবাদ পরিবেশন করতে বদ্ধপরিকর গণমাধ্যমের বৃহৎ প্ল্যাটফর্ম ওয়েস্ট বেঙ্গল মিডিয়া ফোরাম। সংগঠন তাদের রাঢ় বাংলা জোনাল কনফারেন্স করতে চলছে বোলপুরে শান্তিনিকেতন মেডিক্যাল কলেজ ও হাসপাতালের সভাকক্ষে। আগামী ২২ ডিসেম্বর রবিবার সকাল ১১টায় তাদের এই সভায় উপস্থিত থাকছেন রাজ্যের বিভিন্ন জেলার সাংবাদিকরা। এই সম্মেলন সংগঠনের দ্বিতীয় সম্মেলন। তার আগে উত্তরবঙ্গে ৮ ডিসেম্বর শিলিগুড়ি সিনার্জি টাওয়ারে অনুষ্ঠিত হতে চলেছে তাদের উত্তরবঙ্গ জোনের প্রথম সম্মেলন। সংগঠনের তরফে জানা গেছে, রাজ্যে শিল্প বান্ধব পরিবেশ গড়ে তুলতে গণমাধ্যমের সদর্থক উদ্যোগে ব্রতী হতে বিভিন্ন পেশার মানুষ এই সংগঠনের পাশে দাঁড়িয়েছে। সমস্ত ধরণের গণমাধ্যমের সংবাদকর্মীদের এক ছাতার তলায় এনে সমাজ কল্যাণমূলক খবরের প্রসার ঘটিয়ে এক সুন্দর ইতিবাচক সমাজের স্বপ্ন দেখে এই সংগঠন। সেই লক্ষ্যে রাজ্যকে পাঁচটি জোনে ভাগ করে ঐক্যবদ্ধ হয়ে তারা বিভিন্ন জায়গায় বৈঠক করতে চলেছে। সমাজের সাথে সাথে গণমাধ্যমের বিকাশ, সংবাদকর্মীদের সুরক্ষা সহ বিভিন্ন দিগনির্দশন করতেই তাদের এই বৈঠকগুলি হতে চলেছে, বলে জানা গেছে। সমস্ত জোনের বৈঠক শেষ হলে, এই সংগঠন এক শক্তিশালী গণমাধ্যমের আওয়াজ হিসেবে প্রকাশ পেতে চলেছে, বলে অভিজ্ঞ মহলের ধারণা।

ধনধান্যেই উদ্বোধন চলচ্চিত্র উৎসব-এর, ফোকাস ফ্রান্সে

কলকাতা, ২৯ নভেম্বর ঃ ৩০ তম কলকাতা আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব শুরু হবে ৪ ডিসেম্বর। এবারই প্রথম উৎসবের উদ্বোধন হবে আলিপুরের ধনধান্য প্রেক্ষাগৃহে। ফোকাস কান্ট্রি ফ্রান্স। সেদেশের কুড়িটি কাহিনীচিত্র প্রদর্শিত হবে। অন্যান্যবারের মত নন্দন, রবীন্দ্র সদন, শিশির মঞ্চ সহ মহানগরের মোট কুড়িটি প্রেক্ষাগৃহে উৎসবের ছবিগুলি দেখানো হবে। উৎসব কমিটির মুখ্য উপদেষ্টা রাজ্যের মন্ত্রী অরূপ বিশ্বাস আজ এক সাংবাদিক সম্মেলনে জানান, এবার ২৯ টি দেশের ১৭৫ টি ছবি নির্বাচিত করা হয়েছে। প্রতিযোগিতা বিভাগে ৪২ টি কাহিনী চিত্র ও ত্রিশটি স্বল্পদৈর্ঘ্যের ও তথ্যচিত্র অংশ নিচ্ছে। এবছর পরিচালক তপন সিংহ, হরিসাধন দাশগুপ্ত, কণ্ঠশিল্পী তালাত মাহমুদ, মোহাম্মদ রফি সহমত ১১ জনকে শতবার্ষিকী সম্মাননা জানানো হবে। বৈঠকে তথ্য ও সংস্কৃতি দপ্তরের রাষ্ট্রমন্ত্রী ইন্দ্রনীল সেন বলেন, এবার সত্যজিত রায় স্মারক বক্তৃতা দেবেন বিশিষ্ট চলচ্চিত্র ব্যক্তিত্ব আর বালকি।

প্রতিবারের মতো এবারও থাকছে মাস্টার ক্লাস এবং সিনেমা সংক্রান্ত সেমিনার ও মতবিনিময়। এবার কলকাতার আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবের 'বেঙ্গলি প্যানোরামা' সেকশনে রয়েছে সাতখানা ছবি। সাতটা ছবিরই 'ইন্ডিয়া প্রিমিয়ার'। নেতাজি ইন্দোরে নয় এ বছর উদ্বোধনী অনুষ্ঠান হবে ধনধান্য স্টেডিয়ামে। শুক্রবার সাংবাদিক বৈঠকে সেই কথাই ঘোষণা করা হল। এদিন উপস্থিত ছিলেন ইন্দ্রনীল সেন, অরূপ বিশ্বাস, এবছরের চেয়ারম্যান গৌতম ঘোষ, বীরবাহা হাঁসদা, অভিনেতা অর্জুন চক্রবর্তী, শান্তনু বসু। ৪ ডিসেম্বর থেকে ১১ ডিসেম্বর চলবে চলচ্চিত্র উৎসব। ক্লোসিং সেরেমনি রবীন্দ্র সদনে। ৩০ তম KIFF-এর অফিসিয়াল থিম গানের কনসেপ্ট মমতা বন্দ্যোপাধায়ের লিরিক্স এবং গেয়েছেন নচিকেতা।

সরকারি বাস ও ভেসেলের টিকিট যাত্রী সাথী অ্যাপের মাধ্যমে পাওয়া যাবে

কলকাতা, ২৯ নভেম্বর ঃ কলকাতায় পাবলিক ট্রান্সপোর্ট ব্যবস্থার আধুনিকীকরণের লক্ষ্যে এখন থেকে সরকারি বাস ও ভেসেল পরিষেবার ক্ষেত্রে যাত্রীরা যাত্রী সাথী অ্যাপ এর মাধ্যমে তাঁদের নির্ধারিত টিকিট নিতে পারবেন। কলকাতায় আজ এক সাংবাদিক বৈঠকে রাজ্যের পরিবহন মন্ত্রী স্নেহাশীষ চক্রবর্তী একথা জানিয়েছেন। যাত্রী সাথী অ্যাপ , West Bengal Transport Corporation WBTC এর সহযোগিতায় এই ডিজিট্যাল বাস টিকিট বুকিং সুবিধা চালু হয়েছে। মন্ত্রী বলেন, প্রাথমিক ভাবে এয়ারপোর্টের সঙ্গে সংযোগকারী ১২ টি সরকারি বাস রুটে এই বুকিং সিস্টেম চালু হচ্ছে। আগামীদিনে কলকাতায় চক্ররেল্ট র সমগ্র রুটেই এই ব্যবস্থা চালু করার পরিকল্পনা নেওয়া হয়েছে। পাইলট প্রজেক্ট হিসেবে যে ১২ টি রুটে এই ব্যবস্থা চালু হয়েছে সেগুলি হল AC 39, AC 50A, AC 37A, V1, S10, S 23A, AC 2 , AC 43, AC 40, AC 23A, EB 12, S 66 । পরিবহন মন্ত্রী বলেন, যাত্রীদের সুবিধার্থে বিভিন্ন বাস স্ট্যান্ড গুলিতে ডিজিট্যাল বোর্ড লাগানোর পরিকল্পনা নিয়েছে। ওই বোর্ডের মাধ্যমে যাত্রীরা তাঁদের সংশ্লিষ্ট রুটের বাসের অবস্থান সম্পর্কে অবগত হতে পারবেন। এর জন্য ইতিমধ্যে বাস স্টপগুলি চিহ্নিত করণ এর কাজ হয়েছে। এর পাশাপাশি নির্দিষ্ট কোনো রুটের বাসের অবস্থান হোয়াটস অ্যাপ এর মাধ্যমে যাতে জানা যায় সেই পরিকল্পনা নেওয়া হয়েছে। খুব শীঘ্রই এই পদ্ধতিগুলি চালু হবে বলে আশ্বাস দিয়েছেন।

জরাজীর্ণ সিএমএস ক্রসিং বডির রিকণ্ডিশ্বনিং

ই-টেণ্ডার নোটিস নং.এলএমজি/ইএনজিজি/১৬০ অফ ২০২৪। নিম্নলিখিত কাজের জন্যে নিম্নস্বাক্ষরকারীর দ্বারা ই-টেণ্ডার আহ্বান করা হয়েছে। **আইটেমের সংক্ষিপ্ত বিবরণঃ** জ্যেষ্ঠ ডিইএন/I/লামডিং অধিক্ষেত্রের অধীনের জরাজীর্ণ সিএমএস ক্রসিং বডির রিকণ্ডিশ্বনিং। **টেণ্ডার রাশিঃ** ১,২৫,২১,৮০৭.৭৬/- টাকা। **বায়না রাশিঃ** ২,১২,৬০০/- টাকা। **টেণ্ডার বন্ধ হওয়ার তারিখ এবং সময়ঃ ২৩-১২-২০২৪** তারিখের **১৫.০০** ঘন্টায় এবং **খোলা যাবেঃ ২৪-১২-২০২৪** তারিখের **১৫.০০** ঘন্টায়। উপরোক্ত ই-টেণ্ডারের টেণ্ডার প্র-পত্রের সঙ্গে সম্পূর্ণ বিবরণ আগামী **২৩-১২-২০২৪** তারিখের **১৫.০০** ঘন্টা পর্যন্ত **www.ireps.gov.in** ওয়েবসাইটে উপলব্ধ থাকবে।

ডিআরএম (ডব্লিউ), লামডিং
উত্তর-পূর্ব সীমান্ত রেলওয়ে
"প্রসন্নচিত্তে গ্রাহক পরিষেবায়"

পূর্ব রেলওয়ে

ই-টেন্ডার নোটিশ নং. এমসি_এসসি_ওপি অ্যান্ড মেন্ট_লন্ড্রি_সিপি_২০২৪, তারিখঃ ২৭.১১.২০২৪; সিনি. ডিভিসনাল মেকানিকাল ইঞ্জিনিয়ার(সিও), পূর্ব রেলওয়ে, শিয়ালদহ, রুম নং. ৪২, ২য় তল, ডিআরএম বিল্ডিং, কাইজার স্ট্রিট, কলকাতা-৭০০০১৪ কর্তৃক নিম্নলিখিত কাজের জন্য যথেষ্ট অভিজ্ঞ ও আর্থিক সঙ্গতিপন্ন প্রখ্যাত ঠিকাদারদের নিকট থেকে নির্ধারিত টেন্ডার বয়ানে "দুই প্যাকেট পদ্ধতিতে" ওপেন ই-টেন্ডার আহ্বান করা হচ্ছে; **কাজের নাম/বিবরণঃ** "৩ বছরের জন্য চিৎপুর কোচিং ডিপোতে যন্ত্রচালিত লন্ড্রি প্ল্যান্ট পরিচালনা ও রক্ষণাবেক্ষণ।" **টেন্ডার মূল্যঃ** ১৯,৫৫,১৫,৮২৩.৮৮ টাকা; **বায়না অর্থঃ** ১১,২৭,৬০০.০০ টাকা; **টেন্ডার নথির মূল্যঃ** ০.০০ টাকা; **চুক্তির মেয়াদ মাসে ঃ** ৩৬; **দরপ্রস্তাব প্রদান শুরুর তারিখঃ** ২৮.১১.২০২৪। **টেন্ডার বন্ধের তারিখ ও সময়ঃ** ১২.১২.২০২৪ তারিখ বিকেল ৫ টায়; **টেন্ডার খোলার তারিখ ও সময়ঃ** ১২.১২.২০২৪ তারিখ বিকেল ৫ টায়; ই-টেন্ডার বিজ্ঞপ্তি এবং কাজের যোগ্যতা শর্তাবলী সহ টেন্ডার নথি **www.ireps.gov.in** (ওয়েবসাইট ইউআরএল) থেকে দেখা এবং ডাউনলোড করা যাবে। হাতে হাতে দাখিল করা কোনো প্রস্তাব গৃহীত হবেনা।

(SDAH-255/2024-25)

টেন্ডার বিজ্ঞপ্তি www.er.indianrailways.gov.in/ www.ireps.gov.in ওয়েবসাইট-এও পাওয়া যাবে।
আমাদের অনুসরণ করুন @EasternRailway @easternrailwayheadquarter

পূর্ব রেলওয়ে

ই-টেন্ডার নং. ২৭৫_২০২৪-২৫ তারিখ ঃ ২৫.১১.২০২৪ সিনিয়র ডিভিশনাল ইঞ্জিনিয়ার/২, পূর্ব রেলওয়ে, হাওড়া, ডিআরএম বিল্ডিং, রেলওয়ে স্টেশনের নিকটে, হাওড়া-৭১১১০১ কর্তৃক সেচ/সিপিডব্লিউডি/এসইবি/এমইএস বা যেকোনো পাবলিক সেক্টর উদ্যোগে নিবন্ধিত ব্যক্তিসহ অনুরূপ কাজের অভিজ্ঞতা এবং প্রয়োজনীয় আর্থিক সক্ষমতা আছে এরূপ টেন্ডারদাতাদের থেকে নিম্নোক্ত কাজের জন্য অনলাইনে ই-টেন্ডার আহ্বান করা হচ্ছেঃ- **সিনি.ডিইএন/২/এইচডব্লিউএইচ। ই-টেন্ডার নং. ২৭৫_২০২৪-২৫। কাজের বিবরণ ঃ** এইএন/ডিকেএই ও এইএন/বিডব্লিউএন-এর অধীনে আইওডব্লিউ/ডিকেএই এবং আইওডব্লিউ/বিডব্লিউএন শাখায় জল সরবরাহ, নিষ্কাশন এবং উচ্চতা পরিমাপক যন্ত্রের উন্নতিসাধন এবং এইএন/ডিকেএই এবং এইএন/বিডব্লিউএন-এর অধীনে আইওডব্লিউ/ডিকেএই এবং আইওডব্লিউ/বিডব্লিউএন শাখায় এলসি গেট লজের উন্নয়ন। **আনুমানিক মূল্য ঃ** ₹ ৭,৬০,১২,৯৪৬.৫৮; **বায়না অর্থ ঃ** ₹ ৫,৩০,১০০.০০; **টেন্ডার ফর্মের মূল্য (টাকা) ঃ** শূন্য; **সমাপ্তির মেয়াদ ঃ** ১২ মাস। নোটিশ আহ্বায়ক বিজ্ঞপ্তিতে উল্লিখিত সমাপ্তির তারিখটি কোনো কারণে ছুটি/বন্ধ/ধর্মঘট ঘোষণা করা হলে, অনলাইনে টেন্ডার জমার শেষ তারিখ পরিবর্তন করা হবে না কারণ আইআরইপিএস-এর ওয়েবসাইটে আবেদনটি টেন্ডার জমার শেষ তারিখ এবং সময়ের পরে কোনও অফার জমা দেওয়ার অনুমতি দেয় না। তবে অনলাইনে টেন্ডার খোলার কাজ পরবর্তী কার্যদিবসে করা হবে। **টেন্ডারের শেষ তারিখ ও সময় ঃ** ১৯.১২.২০২৪ তারিখ দুপুর ২টায়। টেন্ডারের বিশদ বিবরণ ওয়েবসাইট ঃ **www.ireps.gov.in**-এ পাওয়া যাবে। টেন্ডারদাতাদের উপরোক্ত ওয়েবসাইটে অনলাইনে তাদের অফার জমা দেওয়ার জন্য অনুরোধ করা হচ্ছে। কোনো ম্যানুয়াল অফার গৃহীত হবে না।

HWH-452/2024-25

টেন্ডার বিজ্ঞপ্তি ওয়েবসাইট www.er.indianrailways.gov.in / www.ireps.gov.in-এও পাওয়া যাবে।
আমাদের অনুসরণ করুন : @EasternRailway @easternrailwayheadquarter

'আইনের ক্ষেত্রে ইউনিয়ন ও রাজ্যগুলির সরকারি ভাষার প্রচার ও বিকাশের জন্য স্বেচ্ছাসেবী সংস্থাগুলিকে আর্থিক সহায়তা দেওয়ার পরিকল্পনা'

আইনের ক্ষেত্রে ভারতের সংবিধানের অষ্টম তফসিলে উল্লেখিত হিন্দি এবং অন্যান্য আঞ্চলিক ভাষার প্রচার ও ব্যবহারে নিযুক্ত স্বেচ্ছাসেবী সংস্থাগুলিকে আর্থিক সহায়তা দেওয়ার জন্য ভারত সরকার, আইন ও বিচার মন্ত্রকের একটি প্রকল্প রয়েছে। অনুদান সেই সংস্থাগুলির জন্য উপলব্ধ হবে, যারা ভারতের সংবিধানে উল্লিখিত যে কোনও ভাষায় নিম্নোক্ত কাজগুলির মধ্যে যে কোনও একটি করছে যথা-

(ক) মূল আইন বই প্রস্তুত ও প্রকাশ,

(খ) প্রমিত আইন বই বা ক্লাসিকের অনুবাদ ও প্রকাশনা,

(গ) আইনি শব্দকোষের প্রস্তুতি এবং প্রকাশনা।

(ঘ) আইন জার্নাল প্রকাশ,

(ঙ) অন্য কোনও প্রকাশনা, যা আইনের ক্ষেত্রে হিন্দি বা রাজ্যগুলির অন্যান্য সরকারী ভাষা বিকাশ ও প্রচার করতে পারে, এবং

(চ) হিন্দিতে এর সংস্করণ সহ আঞ্চলিক ভাষায় কাজের জন্য অতিরিক্ত অনুদান বিবেচনা করা হবে।

আবেদনপত্র এবং স্কিমের অনুলিপি আমাদের ওয়েবসাইটে পাওয়া যাচ্ছে **www.legislative.gov.in**

যথাযথভাবে পূরণকৃত আবেদনগুলি ৩১ ডিসেম্বর, ২০২৪ পর্যন্ত হার্ড কপি বা ই-মেইলের মাধ্যমে এই অফিসে পৌঁছাতে হবে।

অতিরিক্ত তথ্যের জন্য এবং আবেদনপত্র পাওয়ার জন্য, যোগাযোগ করুন-

যুগ্ম-সচিব এবং আইনী কাউন্সেল,
আইন ও বিচার মন্ত্রনালয়, আইন বিভাগ,
অফিসিয়াল ভাষা শাখা, রুম নং ৭২৫, ৭ম তলা, 'এ' উইং,
শাস্ত্রী ভবন, নিউ দিল্লি-১১০০০১। ফোন নম্বর ২৩৩৮৬২২৯,
ইমেল-brajesh.74gov.in , ফ্যাক্স নম্বর ০১১-২৩৩৮৭০৫১
CBC-24302/12/0001/2425

RAMJIBONPUR MUNICIPALITY
NOTICE INVITING e-Tender (Retender)

NIT No. - 06 **Dated - 29.11.2024**

The Chairman, on behalf of the Board of Councillors of Ramjibonpur Municipality invites Tenders on Percentage-Rate-Basis by two bid system for the Sinking of Sub-mersible Pump of 150mm X 100 mm dia and 150 mtr deep with PVC Pipe and Strainer at different location and Construction of Boundary Wall, Drain and Site development at the compound of Auditorium in ward no. - 04 within Ramjibonpur Municipality through electronic tendering (e-Tendering) from the enlisted contractor of Municipalities & reliable bonafied resourceful tenderers/Bidders.

Tender Ref. No. : WBMAD/ULB/RM/CM/NIT-06/2024-25, Tender ID : 2024_MAD_776346

Last date & time for submission of bid through online is **16.12.2024.upto 2:00 P.M.**

The details will be available on websites: www.wbtenders.gov.in (or) www.etender.wb.nic.in or www.ramjibonpurmunicipality.org.in and Office Notice Board.

SRIRAMPUR GRAM PANCHAYAT
Vill+P.O:- Ankri Srirampur, Dist:- Hooghly
(Under Pursurah Development Block)
e-mail ID:-srirampur_p@rediffmail.com
NOTICE INVITING e-TENDER 05/2024-2025

Notice inviting competitive e-Tender in two cover system on percentage basis in the prescribed format are hereby invited for execution of the 17(Seventeen) Different works. Closing Date of Tender paper Submission (Online) 07/12/2024 at 5.00 PM. The Technical bid & Financial Bid will be open:- 10/12/2024 at 12.10 PM. For details please visit office of the undersigned or visit website **https://wbtenders.gov.in.**

Sd/- Prodhan
Srirampur Gram Panchayat

ABRIDGED TENDER NOTICE

The Ex-officio Manager, GPW/WBFDCL & Deputy Conservator of Forests, Urban Recreation Forestry Division invites Tender Notice for various works as follows:-

NIT No.	Name of Projects	Bid submission Start Date	Last Date of Bid Submission
37/GPW/ WBFDC/ 2024-25	**Boring and installation of Pump at Kalyani, NIPER Kolkata.**	**30.11.2024**	**09.12.2024**

Details can be seen at https://wbtenders.gov.in

ABRIDGED TENDER NOTICE

The Ex-officio Manager, GPW/WBFDCL & Deputy Conservator of Forests, Urban Recreation Forestry Division invites Tender Notice for various works as follows:-

NIT No.	Name of Projects	Bid submission Start Date	Last Date of Bid Submission
38/GPW/ WBFDC/ 2024-25	**Maintenance of different type of plantation in Sodepur area on ECL Land.**	**30.11.2024**	**09.12.2024**

Details can be seen at https://wbtenders.gov.in

পূর্ব রেলওয়ে

নং. ইএলইজি/ওটি/ই-টেন্ডার নোটিশ/৪২২/২০২৪-২৫; তারিখ ঃ ২৬.১১.২০২৪, সিনি. ডিভিসনাল ইলেকট্রিকাল ইঞ্জিনিয়ার/ (জেনারেল), পূর্ব রেলওয়ে, শিয়ালদহ, ৩য় তল, রিমোট কন্ট্রোল বিল্ডিং, কলকাতা - ৭০০০১৪ কর্তৃক নিম্নলিখিত কাজের জন্য নিম্নোক্ত ই-টেন্ডারগুলি আহ্বান করা হচ্ছে ঃ **ক্র. নং. (১) টেন্ডার নং. ঃ ইএলইজি-ওটি-১১৫৮-২০২৪-২৫; কাজের বিবরণ ঃ** হোয়ার্ফ-এর সংস্কার, আলোর ব্যবস্থার উন্নতি, মার্চেন্ট রুমের ব্যবস্থা প্রভৃতি সমেত টিটাগড় গুডস শেড-এর উন্নয়ন; **টেন্ডার মূল্য ঃ** ৫৬,৮৬,৫৯২.০০ টাকা, **বায়না অর্থ ঃ** ১,১৩,৭০০.০০ টাকা; **সম্পূর্ণ করার মেয়াদ ঃ** ১২ মাস; **ক্র. নং. (২) টেন্ডার নং. ঃ ইএলইজি-ওটি-১১৬০-২০২৪-২৫; কাজের বিবরণ ঃ** এইএন/ডব্লু/১/এসডিএএইচ-এর অধীনে কাইজার স্ট্রিটে কোয়ার্টার্স টাইপ-III= ০৮ ইউনিট প্রতিস্থাপনের কাজ; **টেন্ডার মূল্য ঃ** ২২,৪১,৩৫৭.০০ টাকা, **বায়না অর্থ ঃ** ৪৪,৮০০.০০ টাকা; **সম্পূর্ণ করার মেয়াদ ঃ** ১২ মাস; **ক্র. নং. (৩) টেন্ডার নং. ঃ ইএলইজি-ওটি-১১৬১-২০২৪-২৫; কাজের বিবরণ ঃ** "আদিগঙ্গা খালের ওপর ব্রিজ নং. ৩, ৪, এস/৩৪-এর লাগোয়া নতুন আরসিসি বক্স নির্মাণ"-এর পরিপ্রেক্ষিতে বৈদ্যুতিক কাজ; **টেন্ডার মূল্য ঃ** ৮,২১,২৬০.০০ টাকা, **বায়না অর্থ ঃ** ১৬,৪০০.০০টাকা; **সম্পূর্ণ করার মেয়াদ ঃ** ১২ মাস; **ক্র. নং. (৪) টেন্ডার নং. ঃ ইএলইজি-ওটি-১১৬২-২০২৪-২৫; কাজের বিবরণ ঃ** বজবজে নতুন গুডস অফিস, মার্চেন্ট রুম, নর্দমার ব্যবস্থা এবং যথেষ্ট পরিমাণে আলোর ব্যবস্থা নির্মাণ; **টেন্ডার মূল্য ঃ** ৪৯,৬৬,১২৬.০০ টাকা, **বায়না অর্থ ঃ** ৯৯,৩০০.০০টাকা; **সম্পূর্ণ করার মেয়াদ ঃ** ১৫ মাস; **ক্র. নং. (৫) টেন্ডার নং. ঃ ইএলইজি-ওটি-১১৬৩-২০২৪-২৫; কাজের বিবরণ ঃ** হোয়ার্ফ-এর সংস্কার, আলোক ব্যবস্থার উন্নতি, শ্রমিক শৌচাগারের ব্যবস্থা সমেত সারগাছি স্টেশনে গুডস শেড-এর উন্নয়ন। **টেন্ডার মূল্য ঃ** ৫৩,১৪,৯০৩.০০ টাকা, **বায়না অর্থ ঃ** ১,০৬,৩০০.০০টাকা; **সম্পূর্ণ করার মেয়াদ ঃ** ১৫ মাস; **ক্র. নং. (৬) টেন্ডার নং. ঃ ইএলইজি-ওটি-১১৬৪-২০২৪-২৫; কাজের বিবরণ ঃ** নিউ আলিপুর (ক্যালকাটা) (এনএসিসি) গুডস শেড-এ যথেষ্ট আলোর ব্যবস্থা, প্রবেশ প্রস্থান দরজা, সীমানা প্রাচীর এবং যথাযথ দূষণ নিয়ন্ত্রণ ব্যবস্থা; **টেন্ডার মূল্য ঃ** ৪৭,৭২,১৭৬.০০ টাকা, **বায়না অর্থ ঃ** ৯৫,৫০০.০০ টাকা; **সম্পূর্ণ করার মেয়াদ ঃ** ১৫ মাস; **ক্র. নং. (৭) টেন্ডার নং. ঃ ইএলইজি-ওটি-১১৬৫-২০২৪-২৫; কাজের বিবরণ ঃ** ০৩ বছরের মেয়াদের জন্য নিউ গড়িয়া স্টেশনে ৯০০০ ব্যক্তি প্রতি ঘন্টায় বহনের ক্ষমতাসম্পন্ন এসক্যালেটর (২টি) নির্মাতা-মেসার্স জনসন লিফ্টস প্রাইভেট লিমিটেড-এর বার্ষিক সার্বিক রক্ষণাবেক্ষণ চুক্তি; **টেন্ডার মূল্য ঃ** ১৮,৬৮,৮৮০.৯৬ টাকা, **বায়না অর্থ ঃ** ৩৭,৪০০.০০ টাকা; **সম্পূর্ণ করার মেয়াদ ঃ** ৩৬ মাস; **ক্র. নং. (৮) টেন্ডার নং. ঃ ইএলইজি-ওটি-১১২৪-২০২৪-২৫-আর১; কাজের বিবরণ ঃ** ০৩ বছরের জন্য নৈহাটি আরআরআই কেবিনে ১৬টি আর ক্ষমতার (নির্মাতা ব্লুস্টার) ইনভার্টার ড্রাফ্টড প্যাকেজ এয়ার কন্ডিশনিং ইউনিট-এর বার্ষিক সার্বিক রক্ষণাবেক্ষণ চুক্তি; **টেন্ডার মূল্য ঃ** ২,৩৮,৭৬৪.০০ টাকা, **বায়না অর্থ ঃ** ৪,৮০০.০০ টাকা; **সম্পূর্ণ করার মেয়াদ ঃ** ৩৬ মাস; **টেন্ডার নথির মূল্য ঃ** ক্র.নং. ১ থেকে ৮ প্রতিক্ষেত্রে ০.০০ টাকা; **টেন্ডার প্রকাশের তারিখ ঃ** ২৬.১১.২০২৪; **টেন্ডার বন্ধের তারিখ ও সময় ঃ** ১৯.১২.২০২৪ দুপুর ২ টো; **টেন্ডার দরপ্রস্তাব খোলার তারিখ ঃ** ১৯.১২.২০২৪ দুপুর ২ টোর পরে; **টেন্ডার দরপ্রস্তাব প্রদান শুরুর তারিখ ঃ** ০৫.১২.২০২৪। বিশদ টেন্ডার নোটিস ও সময়ে সময়ে প্রকাশিত সংশোধনী **www.ireps.gov.in** ওয়েবসাইটে পাওয়া যাবে।

(SDAH-254/2024-25)

ওয়েবসাইট www.er.indianrailways.gov.in / www.ireps.gov.in-এ টেন্ডার বিজ্ঞপ্তি পাওয়া যাবে
আমাদের অনুসরণ করুন @EasternRailway @easternrailwayheadquarter

E-Tender Notice

e-Tenders are invited for Hybrid rooftop solar PV Plant work under 5th SFC fund in N.I.e.T. No.-13(2nd Call). Documents and other details is available in the website **tenders.gov.in**. The last date of submission for all the tenders are up to **14.00 hours** on dated **13/12/2024** respectively. Further, contact with the office of the undersigned for any quarries in the office hours.

Sd/- Executive Officer
Hariharpara Panchayat Samiti
Hariharpara, Murshidabad

PUBLIC NOTICE

NOTICE is hereby given that Certificate(s) No. 405450 and 409737 for Equity 5107 Shares face value Rs.1/- Folio No. 07144 Dist. Nos. 401036385 to 401040032 and 1093762585 to 1093764043 of Berger Paints India Limited having its Registered Office at Berger House, 129 Park Street, Kolkata, West Bengal, 700017, registered in the name(s) of Chananlal Aggarwal has been lost. I have now applied to the Company for issue of duplicate shar Certificate(s) in lieu of the above. Any person having any objection to the issue of duplicate share certificate(s) in lieu of said original share certificate(s) is requested to lodge his/her objection thereto with the company at the above address or with their registrar's Office C B Management Services (P) Ltd, CB Management Services Pvt. Ltd, P-22, 2nd Floor, Bondel Road, Kolkata - 700019, West Bengal in writing within 15 days from the date of publication of this notice.

Name(s) of Shareholder(s)
MAHESH AGGARWAL
House No-74, Phase-2, Near Tharike Road, Khanna Colony, Tharike, Ludhiana, Threekey, Punjab-142021

Place : Kolkata Date : 30-11-2024

KOLKATA MUNICIPAL CORPORATION e-TENDERS

ABRIDGED NIT

The **Executive Engineer (Civil)/Borough-III, KMC** invites e-tender online percentage rate two bid system for the following works:–

1. NIT No.: **KMC/EE-III/31/23/24-25 (1st Call)** Name of the Work: **Restoration of IPS Footpath at 6/C, 42/A/1 M. B. Lane, 8/2C Jogodyan Lane and different places in Ward No.-031, disturbed by C.E.S.C and W/S Deptt.** Estimated Cost (Incl. GST & CESS): ₹ **3,99,531.00.** Earnest Money: ₹ **8,000.00**. Period of Completion: **30 Days**.

2. NIT No.: **KMC/EE-III/29/24/24-25 (1st Call)** Name of the Work: **Improvement of Sewer Line at 3/41 to 3/46, Narkeldanga Main Road and its surrounding area in Ward No.-29.** Estimated Cost: ₹**4,49,923.00.** Earnest Money: ₹ **9,000.00**. Period of Completion: **30 Days**.

3. NIT No.: **KMC/EE-III/35/24/24-25 (1st Call)** Name of the Work: **Renovation of Concrete Passage at 32, Rakhal Ghosh Lane in Ward No.-035.** Estimated Cost: ₹**1,99,941.00.** Earnest Money: ₹ **4,000.00**. Period of Completion: **30 Days**.

4. NIT No.: **KMC/EE-III/35/26/24-25 (1st Call)** Name of the Work: **Restoration of IPS and Concrete Passages Distrubed due to Water Supply Department and C.E.S.C at 132A/1R, Raja Rajendra Lal Mitra Road, 30/C, Haramohan Ghosh Lane and different places in Ward No.-035.** Estimated Cost: ₹ **4,74,258.00.** Earnest Money: ₹ **9,500.00**. Period of Completion: **40 Days**.

5. NIT No.: **KMC/EE-III/30/21/24-25 (1st Call)** Name of the Work: **Repairs of Labour Quarter at 'D' Block of 34 U.C. Banerjee Road in Ward No.-30.** Estimated Cost (Incl. GST & CESS) : ₹ **4,90,756.00.** Earnest Money: ₹ **10,000.00**. Period of Completion: **30 Days**. Last date and time of submission of bid: **06.12.2024 upto 12.00 noon** (for Sl. No. 1 & 2), **09.12.2024 upto 12.00 noon** (for Sl. No. 3 & 4), & **10.12.2024 upto 12.00 noon** (for Sl. No. 5). Date and time of opening of bid: **09.12.2024 after 12.00 noon** (for Sl. No. 1 & 2), **11.12.2024 after 12.00 noon** (for Sl. No. 3 & 4) & **12.12.2024 after 12.00 noon** (for Sl. No. 5). The bid forms and other details are available on and from **29.11.2024 (5.00 p.m.)** (for Sl. No. 1 & 2), **30.11.2024 (5.00 p.m.)** (for Sl. No. 3 to 5). The website **https://etender.wb.nic.in** (for Sl. No. 1 to 5).

The **Executive Engineer (Civil)/BR.-XIII, KMC** invites e-tender online percentage rate two bid system for the following works:–

1. NIT No.: **KMC/XIII/122/43/24-25 (1st Call)** Name of the Work: **Repairing of POT Holes by laying HOT-MIX at different Roads in Sodepur Brick Field Road, Kalipur Ext, Sodepur 1st Lane, Baroda Sarani etc. in Ward No.-122, Br.-XIII.** Work Value: ₹ **2,97,021.62.** Earnest Money: ₹ **6,000.00**. Period of Completion: **25 Days**

